



বিতর্কের মুখে ‘পতিতা’ শব্দ বদলে মহম্মদ সেলিম ‘যৌনকর্মী’ করে বিতর্ক এড়ানোর চেষ্টা করেছিলেন। কিন্তু সফল হল না চেষ্টা।
...বিস্তারিত পাতা ৩



বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে উদ্বোধন হল মা ক্যান্টিনের নতুন ভবনের। উদ্বোধন করেন রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথ।
...বিস্তারিত পাতা ৫



দুই পক্ষের সম্মতিতে দু’জনের মধ্যে ঘনিষ্ঠতার বিষয়ে রায় দিয়েছে কণ্টক হাইকোর্ট। কোর্ট বলেছে ছ’বছর শারীরিক সম্পর্কের পর বিবাহ না হলে তা ধর্ষণ নয়।
...বিস্তারিত পাতা ৬



আগামী অক্টোবর-নভেম্বর মাসে বিশ্বকাপের জন্য কমবেশি সকলেই ভারতকে ফেভারিট দল হিসেবে ধরেছে। কিন্তু রবীচন্দ্রন অশ্বিন সেদিক মাদালেন না।
...বিস্তারিত পাতা ৮

এত বড় দুর্নীতির এমন ঢিলেঢালা তদন্ত কেন? সিআইডি-র কাজে ক্ষুদ্র হাইকোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্টঃ এসএসসি নিয়োগ দুর্নীতিতে সিআইডি তদন্তে তীব্র ক্ষুদ্র কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশুজিং বসু। “হাইকোর্ট রাজ্যের সিআইডি-র উপর ভরসা রেখেছিল। দীর্ঘ সময়ের পরেও সিআইডি তদন্তে কোনও উল্লেখযোগ্য অগ্রগতি দেখাতে ব্যর্থ। সিআইডি তদন্তকারী অফিসার কেন অন্য মামলায় নিমুক্ত হবে। তাঁকে কেন গঙ্গারামপুরে কাজে পাঠানো হবে? হাইকোর্টে মামলার গুরুত্বপূর্ণ দিনে কেন সিআইডি একজন আধিকারিক উপস্থিত থাকবে না। সিআইডি তদন্তকারী সকল অফিসারের নাম জানাতে চাই। আদালত ডিআইডি সিআইডি-কে তদন্তের সবকিছু নজরদারি করতে বলেছিল, কেন তা মানা হচ্ছে না। আদালতে এসে ব্যাখ্যা করুক ডিআইজি সিআইডি ও তাঁর টিম।” মন্তব্য বিচারপতি বিশুজিং বসুর। বৃহস্পতিবার ডিআইজি সিআইডি ও তাঁর টিমকে হাইকোর্টের এজলাসে সশরীরে তলব করেছেন বিচারপতি বিশুজিং বসু। সকাল সাড়ে দশটায় তলব করলেন বিচারপতি বিশুজিং বসু। পরীক্ষা না দিয়েই নিয়োগপত্র জাল করে বাবার স্কুলে চাকরির অভিযোগ ছেলের বিরুদ্ধে। মুর্শিদাবাদ স্কুলের এই ঘটনা আদালতে পৌঁছতে সিআইডি তদন্তের নির্দেশ দেন বিচারপতি বিশুজিং বসু। সেই মামলায় মুর্শিদাবাদের সূত্রির গোথা এআর হাইস্কুলের প্রধান শিক্ষক আশিস তিওয়ারিকে প্রেক্ষতার করে সিআইডি। এদিন বিচারপতি বিশুজিং বসুর পর্যবেক্ষণ, “ভুলো নথি দিয়ে এসএসসি চাকরি করছে। এখনও ভুলো নথিতে চাকরি করে বেতন নিচ্ছে বিভিন্ন জেলায় একাধিক শিক্ষক, ভাবা যায়!



রাজ্যজুড়ে সিআইডি নেটওয়ার্ক, তবু তাঁরা এগুলো নিয়ে কিছুই করতে পারছে না! এক জেলার সুপারিশ পত্র, অন্য জেলার নিয়োগপত্র ভাঙিয়ে চাকরি করে যাচ্ছে ভুলো শিক্ষকেরা। আর সিআইডি কিছুই করতে পারছে না?” বিচারপতির আরও মন্তব্য, “একাধিক মাথা এমন ভুলো নিয়োগের নেপথ্যে। সিভিলিট ট্রক কাজ করছে। প্রত্যেককে খুঁজে বার করতে হবে।” এসএসসি ভুলো চাকরি মামলাটির তদন্ত সিবিআইকে দেওয়ার ইচ্ছিতে দেন বিচারপতি। শেষ সুযোগ হিসেবে ডিআইজি সিআইডি কৈফিয়ত লিখিত বা মৌখিক আকারে এদিন জানতে চোয়ছে আদালত। ভুলো নিয়োগপত্র বানিয়ে নিজের স্কুলেই ছেলেকে চাকরি দেওয়ার অভিযোগ উঠেছিল প্রধান শিক্ষক বাবার বিরুদ্ধে। মুর্শিদাবাদের সূত্রির গোথা এআর স্কুলের ওই ঘটনার তদন্তভার সিআইডিকে দিয়েছিল হাইকোর্ট। ওই মামলার তদন্তে নেমে রাজ্যজুড়ে প্রায় ৩৬ জন শিক্ষকের নাম পায় এসএসসি। যাদের মধ্যে ১৮ জন শিক্ষক ভুলো নথি ব্যবহার করে চাকরি পেয়েছেন। ১১ জন শিক্ষকের নিয়োগের প্রকৃত নথি পাওয়া যায়নি। তদন্তে উঠে আসে ৭ জন শিক্ষক মেধাভালিকায় স্থান পরিবর্তন করে চাকরি পেয়েছেন। ২৪ জেলার ডিআই-দের হলফনামা পেশ করা হয়েছে। সেই হলফনামা খতিয়ে দেখে ৩৬টি বিতর্কিত নিয়োগের তথ্য আদালতকে দেয় এসএসসি। বুধবার এজলাসে সিআইডিরা কাজের অগ্রগতি নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করে বিচারপতি বিশুজিং বসুর প্রশ্ন, “এটা কোনও সৌজন্যের আদালত নয় প্রেক্ষতার বলে সন্তুষ্ট করবেন। এতবড় নিয়োগ দুর্নীতি সেখানে এমন ঢিলেঢালা তদন্ত কেন হবে?”

‘সং সাহস থাকলে বিলে সই করুন’

নিশানা করে রাজ্যপালকে বিজেপিতে যোগের পরামর্শ মমতার

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ৯ আগস্টঃ ইউনিফর্ম সিভিল কোড বা অভিন্ন দেওয়ানি বিধি কেন কার্যকর করা হবে, ঝাড়গ্রামে গিয়ে আরও একবার সেই প্রশ্ন তুলে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। অভিন্ন দেওয়ানি বিধি কার্যকর হলে বিবাহের মতো বিষয়েও সবার জন্য

আছে। আবার মুসলিম সম্প্রদায়ের বা হিন্দুদেরও বিয়ের আলাদা পদ্ধতি আছে।” দ্ব্যর্থহীন ভাষায় মমতা বার্তা দেন, “ইউনিফর্ম সিভিল কোড করতে হবে না। যেমন আছে, সব তেমনই থাকবে। সবাই নিজের স্বাধীনতা মতো পোশাক পরবে, চলাফেরা করবে, পড়াশোনা

ইস্যুকে সামনে রেখে সিভি আনন্দ বোসকে তুলে ধরেন মমতা। মমতা বলেন, “আমরা এখানে ঝাড়গ্রামে ইউনিভার্সিটি করে দিয়েছি। আমাদের গভর্নর মহাশয় এখন কালো চশমা পরেন। তিনি পরতেই পারেন, একটার জায়গায় ১০টা। জ্ঞান দিয়ে বোড়াচ্ছেন। কিন্তু

ইউনিভার্সিটি করে দিছি, আর উনি দালালি করে আটকে দিচ্ছেন। আমরা এটা মানব না।” এদিন ঝাড়গ্রামে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় ব্যাখ্যা করলেন, কেন কেন্দ্রীয় সরকার সরকারি কর্মীদের ডিএ দিচ্ছে? তাঁর মতে, মুষ্টিমেয় কিছু লোকজনকে সন্তুষ্ট করার জন্যই সময়ে সময়ে মহাশ্ব ভাতা বাড়ায় কেন্দ্র। কিন্তু রাজ্য সরকার সবাইকে নিয়ে চলতে চায় বলেই মন্তব্য করেছেন তিনি। ডিএ আন্দোলনের প্রেক্ষিতে প্রথম থেকেই রাজ্যের যুক্তি হল, ভাড়াতে ডিএ বাড়ানোর মতো টাকা নেই। বুধবার ঝাড়গ্রামে গিয়ে মমতা বলেন, “কোনও টাকা নেই। শুধু ভোট এলেই সরকারি কর্মীদের ডিএ বাড়িয়ে দেয় কেন্দ্র।” এতে এক প্রশ্নের মানুষকে খুশি করা যায় বলেই মন্তব্য করেছেন মমতা। তাঁর দাবি, কেন্দ্রীয় সরকারের চাকরি আর রাজ্য সরকারের চাকরির আলাদা পলিসি বা নীতি আছে। কেন্দ্রের হাতে রিজার্ভ ব্যাঙ্ক আছে। এটা বুঝতে হবে। মহাশ্ব ভাতা

ইস্যুতে কেন্দ্রকে নিশানা করে মমতা বলেন, “রাস্তার টাকা, আবাসের টাকা দিচ্ছে না। মুষ্টিমেয় কিছু লোককে ডিএ দিচ্ছে। ওপর মহলের লোককে খুশি করার চেষ্টা করছে যাতে নীচতলার মানুষকে শোষণ করা যায়। আমরা চাই সবাইকে টাকা দিতো।” বকেয়া মহাশ্ব ভাতার দাবিতে, যারা আন্দোলন করছেন তাঁরা চান, কেন্দ্রীয় হারে ডিএ দিক রাজ্য সরকার। এই প্রশ্নে রাজ্য বাববারই বুকিয়েছে যে কেন্দ্রীয় হারে ডিএ দেওয়া সম্ভব নয়। তবে আন্দোলনকারীদের দাবি, যে সব খাতে কেন্দ্র টাকা দিচ্ছে না বলে দাবি করছে রাজ্য, সেই সব খাত থেকে ডিএ-র টাকা মেটানো হয় না।

অভিন্ন আইন থাকবে। সেই প্রসঙ্গ টেনেই এদিন আদিবাসী সম্প্রদায়কে মমতা বোঝান, কেন্দ্রের সিদ্ধান্তের জন্য তারা তাঁদের বিয়ের নিয়ম বদলাতে যাবেন কেন? মাস কয়েক আগেই কুড়মি আন্দোলনে কার্যত স্তব্ধ হয়ে গিয়েছিল জঙ্গলমহল অঞ্চল। তিনদিনের ঝাড়গ্রাম সফরে গিয়ে এবার সেই আদিবাসীদের বার্তা দিলেন মমতা। এদিন মুখ্যমন্ত্রী বলেন, “হঠাৎ করে বলেছে ইউনিফর্ম সিভিল কোড করতে হবে। মানে ওদের নিয়মে বিয়ে করতে হবে। কেন করবেন? আপনারদের ততো বিয়ের কি সুন্দর একটা সিস্টেম আছে। আপনারদের জাহের থান আছে, মাজেরথান

করবে।” উল্লেখ্য, অভিন্ন দেওয়ানি বিধি নিয়ে বিরোধীরা প্রশ্ন তুলেছেন আগেই। এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের তরফে সেই বিধি কার্যকর করার কোনও সিদ্ধান্ত নেওয়া না হলেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি থেকে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বারবার এই বিষয় উত্থাপন করেছেন। এই বিধি কার্যকর হলে বিবাহ, বিবাহবিচ্ছেদ, উত্তরাধিকার, দত্তক ইত্যাদির মতো ব্যক্তিগত বিষয়ের ক্ষেত্রে সব ধর্মের জন্য অভিন্ন আইন কার্যকর হবে। তাতেই আপত্তি রয়েছে বিরোধীদের। বুধবার ঝাড়গ্রাম স্টেডিয়ামে আদিবাসী দিবসের অনুষ্ঠানে যোগ দেন তিনি। সময় কাটান আদিবাসীদের সঙ্গে। এই সভা থেকেই শিক্ষাক্ষেত্রে হস্তক্ষেপ করার

আমরা নাম পাঠালেও (উপাচার্য নিয়োগ) করবেন না। নিজের ইচ্ছে মতো কেরল থেকে লোক নিয়ে এসে বসিয়ে দিচ্ছে। মনে রাখতে হবে, ভিসি (উপাচার্য) হতে গেলে কমপক্ষে ১০ বছরের অধ্যাপনার অভিজ্ঞতা থাকতে হবে। আমরা এগুলো মানব না। আপনার যদি স সাহস থাকে তাহলে বলব যে বিলটা আপনার কাছে আছে, মুখ্যমন্ত্রিকে আচার্য করার, সেটাতে সই করে দিন।” এদিন আদিবাসী উন্নয়নের খতিয়ানও দেন মমতা। বলেন, “ঝাড়গ্রামে বিশ্ববিদ্যালয় করে দিয়েছি। কিন্তু সেখানে না আছে ভিসি, না আছে রেজিস্ট্রার। কারণ একটা সিস্টেম আছে। আপনারদের লোককে বসিয়ে দিচ্ছেন। আমি

‘গোটা বিশ্বে ভারতের সম্মান বাড়িয়েছেন মোদিই’, সংসদে পাল্টা আক্রমণে অমিত শাহ

নয়াদিল্লি, ৯ আগস্টঃ মণিপুরের ঘটনা কার্যত নাড়িয়ে দিয়েছে গোটা দেশকে। সংসদে অনাস্থা প্রস্তাব বিষয়ক বক্তৃতায় বুধবার নরেন্দ্র মোদি সরকারকে তুলে ধরেন রাহুল গান্ধি। এরপরই সংসদে বক্তব্য রাখতে গিয়ে পাল্টা নরেন্দ্র মোদি কার্যপ্রণালী সম্পর্কে সওয়াল করে বিরোধীদের আক্রমণ শানান কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিরোধীরা বার বার দাবি

ঋণ মাক করিনি, ওঁদের যাতে আর ঋণ নিতেই না হয়, সেই ব্যবস্থা করেছে আমাদের সরকার। বিরোধীরা এই সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছে। কিন্তু এই সরকারের সঙ্গে আগের সরকারের তফাত কতোটা, তা পরিসংখ্যানের বৃষ্টিয়ে দেওয়া যাবে।” কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী মোদি সরকারের কৃতিত্বের কথা বলতে গিয়ে বলেন, “কৃষকদের ঋণ মুক্ত করা থেকে



তুলেছিল, অবিলম্বে মণিপুর ইস্যুতে আলোচনা করতে হবে সংসদে। তবে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগেই জানিয়েছিলেন, সরকার এই ইস্যুতে আলোচনা করতে তৈরি। এই আলোচনা যাতে হয় সেব্যাপারে আপনারা সুযোগ করে দিন। আর এদিন অমিত শাহ বললেন, জনতার মধ্যে ভ্রান্তি তৈরির জন্যই বিরোধীরা। এখানেই শেষ নয়, নরেন্দ্র মোদি সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেন, “সমগ্র বিশ্বের সামনে ভারতের সম্মান বৃদ্ধি করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আমরা কৃষকদের স্বনির্ভর করেছি। ওঁদের

শুরু করে দরিদ্রদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা দেওয়া এমনকি, তাদের স্বাস্থ্যের খোয়াল রাখার কাজও করে এই সরকার। কমিশন ছাড়া আগের সরকার কিছু করেনি। এই সরকার সরাসরি জনতার ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা পাঠিয়েছে।” মনমোহন জমানার কথা তুলে ধরে নরেন্দ্র মোদি জমানার কথা কৃতিত্বের সঙ্গে তুলে ধরেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। বলেন, “মনমোহন সরকার যে পরিমাণ ধান-গম কিনত তার দ্বিগুণেরও বেশি ধান-গম কিনেছে এই নরেন্দ্র মোদি সরকার। আর আগের সরকার যে দাম দিয়ে ধান-গম কিনেছে, তার থেকে অনেক বেশি দাম দিয়ে কৃষকদের থেকে ধান এবং গম কিনেছে সরকার।”

কীভাবে চাকরি? নিয়োগ দুর্নীতি মামলায় ৭ শিক্ষককে সিবিআই তলব, চার ঘণ্টা পরে ‘মুক্তি’

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্টঃ চার ঘণ্টা জিজ্ঞাসাবাদের পর অবশেষে বের হলেন সাত শিক্ষক। বাকুড়া থেকে ৭ প্রাথমিক শিক্ষককে বুধবার হাজির করা হয় নিজাম প্যালেসে। তাদের নথি দেখে জানতে চাওয়া হবে কীভাবে তাঁরা চাকরি পেয়েছিলেন? খতিয়ে দেখা হয় যাবতীয় নথি, তথ্য। সূত্রের খবর, ২০১৪ সালে টেটের ভিত্তিতে নিয়োগপত্র পান ওই ৭ শিক্ষক। তাঁদের মধ্যে রয়েছেন স্বাধীনকুমার পাল, সায়ন্তনী বেজ, প্রিয়ান্কা লাহা, গণপতি মাহাত, প্রিয়ান্কা নন্দী, হরেন্দ্রনাথ ধারা, পারমিতা সিন্ধা মহাপাত্র। ও ৭ শিক্ষককে তলব করেছে সিবিআই, তাঁরা বাকুড়ার শালতোড়া পশ্চিম, যশা পশ্চিম, বিষ্ণুপুর, রানীবাধ উত্তর, তালডাংরা পূর্ব, সারোঙ্গা ও বাকুড়া সদর পশ্চিম চক্রে কর্মরত। তাঁদেরই কয়েকজন বেরিয়ে জানান, সিবিআই জানতে চায় কীভাবে চাকরি হয়েছিল? আমরা জানাই পর্যদের বিদ্রোহ মূলক তথ্যের জন্য আমাদের আজ সিবিআইতে আসতে হয়েছে। ৬ নম্বর বেড়েছে সেটা জানায় পর্যদ। হাইকোর্ট অর্ডারে চাকরি হয় আমাদের। ভুল প্রশ্নের জন্য আমরা মামলা করেছিলাম। সেক্ষেত্রে হাইকোর্টে অর্ডার হয়, আমাদের নম্বর বাড়ি। ২০২১ সালে আমরা চাকরিতে যোগদান করেছি। সব তথ্য সিবিআইকে দিয়েছি। প্রসঙ্গত এই শিক্ষকদের কোর্ট অর্ডার, অ্যাডমিট কার্ড, রেজাল্ট, ২০১৪-র টেটের নথি, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের রেজাল্ট খতিয়ে দেখে সিবিআই।

সংসদে এবার ‘ফ্লাইং কিস’ বিতর্কে রাহুল, স্পিকারের দ্বারস্থ বিজেপির মহিলা সাংসদরা!

নয়াদিল্লি, ৯ আগস্টঃ লোকসভায় অনাস্থা প্রস্তাবের উপর বিতর্কের ভাষণ শেষে ট্রেজারি বেক্ষের দিকে উড়ন্ত চুমু ছুড়লেন রাহুল গান্ধি। যা নিয়ে শুরু হয়েছে বিতর্ক। রাহুলের পরবর্তী বক্তা ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি। স্বাভাবিকভাবেই রাহুলের বক্তব্যের জবাব দিতে উঠে সেই প্রসঙ্গ তুলে তীব্র আক্রমণ শানান কেন্দ্রীয় মন্ত্রী। স্মৃতির অভিযোগ, তিনি উঠে দাঁড়াতেই নাকি ফ্লাইং কিস ছোঁড়েন রাহুল। আর তাতেই বেজায় ক্ষুব্ধ হন বিজেপি নেত্রী। মোদি পদবি নিয়ে মন্তব্য করে আদালতের নির্দেশে সাংসদ পদ খোয়াতে হয়েছিল রাহুল গান্ধিকে। শেষমেশ সুপ্রিম কোর্টের নির্দেশে ফিরে পান সাংসদ পদ। সংসদে ফেরার পরেই এবার নতুন এক বিতর্কে জড়ালেন কংগ্রেস সাংসদ। বুধবার তাঁর বিরুদ্ধে আবেশনেন অনাস্থা প্রস্তাব নিয়ে বিতর্কের সময়েই মন্ত্রী স্মৃতি ইরানি রাহুলের



বিরুদ্ধে অভিযোগ আনলেন, তিনি মহিলা সাংসদদের লক্ষ্য করে ‘ফ্লাইং কিস’ ছুড়ছেন! রাহুলের নাম না করে স্মৃতি বলেন, “আমরা মহিলাদের সম্পর্কে কী ধারণা পোষণ করে।” এদিন লোকসভায় অনাস্থা প্রস্তাবের বিতর্কে

‘বুদ্ধবাবুর এবারের লড়াইটা খুবই কঠিন ছিল! কিন্তু উনি তো ফাইটার, ব্যক্তিগতাই আলাদা’

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্টঃ ১২ দিন হাসপাতালে চিকিৎসাধীন থাকার পর বুধবারই ৫৯, পাম অ্যাভিনিউয়ের বাড়িতে ফিরেছেন বুদ্ধদেব ভট্টাচার্য। বেলা সাড়ে বারোটো নাগাদ বাড়ি ফিরেছেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী। পাম অ্যাভিনিউ পৌঁছে গিয়েছেন জানতে পেরে, অ্যান্থ্রল্যাসে স্তুরেই খানিক স্তম্ভিত হয়ে বলেন, “আচ্ছা।” আলিপুরের বেসরকারি হাসপাতালে বুদ্ধদেব ভট্টাচার্যের চিকিৎসায় গঠন করা হয়েছিল মেডিক্যাল বোর্ড। চিকিৎসকদের দলে থাকা ফিজিওথেরাপিস্ট, স্পিচ থেরাপি

বুদ্ধদেব ভট্টাচার্যকে পর্যবেক্ষণে রাখলেন। নার্সিং টিম, ফিজিওথেরাপিস্ট, স্পিচ থেরাপি করানো হবে তাঁর। প্রতিদিন চিকিৎসকেরাও যাবেন সেখানে।

সুগুঁরী বসু বলেন, “সে কারণে আম খাওয়ার ইচ্ছে, গান শোনা, কবিতা শোনা এমনকী বুদ্ধবাবু নিজেও প্রিয় গানে গলা মিলিয়েছেন। কবিতা বলেছেন। হাসপাতালে থাকার শেষ

শারীরিক ভাবে ভেঙে পড়লেও মানসিক ভাবে এখনও ভাঙেননি বুদ্ধদেব ভট্টাচার্য। চিকিৎসক সুগুঁরী বসুর কথায়, “অনেকদিন ধরে উনি সিওপিডি-তে ভুগছেন। দীর্ঘদিন শয্যাশায়ী, ফলে অনেক রোগ ওঁকে চেপে ধরেছে। বয়সের সঙ্গেও এই রোগগুলি বাড়তে থাকে। এই রোগ যে কোনও মানুষকেই দমিয়ে দেয়। কিন্তু উনি একজন ফাইটার। ওঁর ব্যক্তিগতই আলাদা। এখান থেকে উনিই উঠে দাঁড়াতে পারেন। তবে এবারের লড়াইটা খুবই কঠিন ছিল।” হাসপাতালে থাকাকালীন চিকিৎসকেরা সব সময়ই চেয়েছিলেন বুদ্ধবাবুকে সক্রিয় করে তুলতে।

‘মোদি দুই জনের কথা শোনের’, নাম জানিয়ে কটাক্ষ রাহুল গান্ধির



নয়াদিল্লি, ৯ আগস্টঃ চার মাস পর সোমবারই সংসদে ফিরেছেন রাহুল গান্ধী। তার দু-দিন পর আজ, বুধবার অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনায় বক্তব্য রাখতে গিয়ে কড়া ভাষায় কেন্দ্রের বিরুদ্ধে তোপ দাগেন রাহুল গান্ধি। পরাসরি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে শীলানা করে তিনি বলেন, “প্রধানমন্ত্রী দেশের কলঙ্কর শোনের না। মোদি শুধু দুজনের কথা শোনের, অমিত শাহ এবং আদানিরা। মণিপুরে অশান্তি না থামা প্রসঙ্গেও প্রধানমন্ত্রী থেকে কেন্দ্রের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন রাহুল গান্ধি।” মণিপুরে তিন মাস ধরে অশান্তি হয়ে চলার ঘটনা প্রসঙ্গে এদিন লোকসভায় রামায়ণের প্রসঙ্গও তুলে ধরেন

রাহুল গান্ধি। রামায়ণের লক্ষায় অগ্নিকণ্ডে প্রসঙ্গ তুলে ধরে নাম না করে কেন্দ্রকে কড়া সতর্কবার্তাও দেন রাহুল। তিনি বলেন, “রাবণের অহঙ্কারের জন্যই লক্ষা জ্বলেছিল, অহঙ্কারের জন্যই তাঁর মৃত্যু হয়েছিল।” এরপ্রসঙ্গে নাম না করে শাসকদলকে কটাক্ষ করে তিনি আরও বলেন, “পুরো দেশে আপনারা কেরোসিন ঢালছেন। শুধু বারুকের অপেক্ষা।” এরপ্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানির মধ্য তোপ, “আপনারা বারুদ খুঁজতে-খুঁজতে কান্দীর পর্যন্ত চলে গিয়েছেন।” এরপ্রসঙ্গে ৬৭০ ধারা প্রত্যাহারের আগে পর্যন্ত কান্দীরের পরিস্থিতি, কান্দীর পণ্ডিতদের দুরবস্থার কথাও তুলে

ধরেন স্মৃতি ইরানি। মণিপুরে হিংসা থামাতে সেনার প্রয়োগ চিকভাবে করা হচ্ছে না বলেও অভিযোগ রাহুলের। তাঁর দাবি, ভারতীয় সেনা একদিনে মণিপুরে শান্তি ফেরাতে পারে। কিন্তু, সেনার প্রয়োগ চিগভাবে করা হচ্ছে না। আবার মণিপুরকে খণ্ডিত করা হয়েছে বলে সরাসরি প্রধানমন্ত্রীকে তোপ দেগেন রাহুল বলেন, “মণিপুরকে ভারত মনে করেন না প্রধানমন্ত্রী। মণিপুরকে আপনারা দুই ভাগে বিভক্ত করে দিয়েছেন। মণিপুরকে হত্যা করা হয়েছে। কেবল মণিপুর নয়, ভারতমাতাকে হত্যা করা হয়েছে।” রাহুল গান্ধির এই মন্তব্যের তীব্র সমালোচনা করেছেন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানি। রাহুল গান্ধি-র মত বিরোধী সাংসদদের আচরণের তীব্র নিন্দা করে তিনি বলেন, “রাহুল গান্ধি ভারতমাতাকে হত্যা করার কথা বলছেন, আর কংগ্রেসের অন্য সাংসদরা করতালি দিচ্ছেন। এরকম ঘটনা কখনও দেখা যায়নি।” ভারতমাতাকে হত্যা করা হয়েছে’ মন্তব্যের মধ্য দিয়ে রাহুল গান্ধি দেশকে অপমাণ করেছেন বলে পাণ্টা তোপ দাগেন স্মৃতি ইরানি। রাহুলের অভিযোগ খণ্ডন করে কেন্দ্রীয় মন্ত্রীর দাবি, মণিপুর খণ্ডিত হয়নি, আর কখনও হবে না।

অংশ নিয়ে ভাষণের শুরুতেই ‘এক দো গোলে মারঙ্গা, জাদা নেহি’ বলে বক্তব্য শুরু করেন রাহুল। তাঁর কথায়, “প্রথমেই আমি আমাকে লোকসভার সদস্যদের ফিরিয়ে দেওয়ার জন্য ধন্যবাদ জানাব।” রাহুলের বক্তব্যের শুরুতেই ট্রেজারি বেক্ষ থেকে হইহল্লা শুরু করে দেয় বিজেপি শিবির। রাহুলের ভাষণের সময় বাববার উত্তপ্ত হয়ে ওঠে লোকসভার পরিস্থিতি। যদিও রাহুলের ফ্লাইং কিস বিতর্ক এখানেই থেমে থাকেনি, স্মৃতি ওই অভিযোগ করার পরেই বিজেপির মহিলা সাংসদরা লোকসভার স্পিকার ওম বিডলার ঘরে গিয়ে রাহুলের বিরুদ্ধে ওই মর্মে অভিযোগ করেন। বিজেপির মহিলা সাংসদদের নিয়ে স্পিকারের ঘরে গিয়েছিলেন কৃষি প্রতিমন্ত্রী শোভা করগদাঙ্গে। রাহুলকে নারীবিরোধী বলে আক্রমণ শানান বিজেপির মহিলা সাংসদরা।

আদিবাসী সমাজের গৌরবময় ও ঐতিহ্যমণ্ডিত ইতিহাস রয়েছেঃরাজ্যপাল



রাণী, ৯ আগস্ট : ঝাড়খণ্ডের রাজ্যপাল সিলি রাধাকৃষ্ণন , বৃধবার বিশ্ব আদিবাসী দিবেসে রাজ্যের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। বৃধবার তিনি সাংবাদিকদের বলেন, আদিবাসী সমাজের একটি গৌরবময় ও ঐতিহ্যমণ্ডিত ইতিহাস রয়েছে। তারা প্রকৃতির উপাসক। আদিবাসীদের সমৃদ্ধ শিল্প ও সংস্কৃতির জন্য তারা বিশ্বের দরবারেও সম্মান পান। তাদের রয়েছে বিশ্বমানের পরিচা়। দেশের স্বাধীনতা আন্দোলনে আদিবাসী সমাজের অবদান রয়েছে অবিস্মরণীয়।

বেণ্ডসরাই থেকে গ্রেফতার মুম্বই পুলিশের

বেণ্ডসরাই, ৯ আগস্ট: দিনদিন সাইবার ক্রাইম বেড়েই চলেছে। এই পরিস্থিতিতে বৃধবার মুম্বই পুলিশ বেণ্ডসরাই থেকে এক অভিযুক্তকে গ্রেফতার করেছে।মুম্বই পুলিশের তরফ থেকে জানা গিয়েছে, গত কয়েক মাস ধরেই এই সাইবার অভিযুক্ত মানুষকে প্রতারণা করে যাচ্ছিল। ফোনে কল করে মানুষকে হয়রানি থেকে শুরু করে টাকা লুট করছিল। পুলিশ তদন্ত করতে গিয়ে ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্তকে আজ বেণ্ডসরাই থেকে গ্রেফতার করে। গ্রেফতারের পর মুম্বই পুলিশের দল তাকে বেণ্ডসরাই সদর হাসপাতালে তাকে পরীক্ষা করায়।এরপর বৃধবার তাকে মুম্বই নিয়ে যাওয়া হয়েছে।

পাকিস্তানে ট্রেন দূর্ঘটনায় গাফিতলির অভিযোগে ছজন কর্মকর্তা বরখাস্ত

লাহোর, ৯ আগস্ট: পাকিস্তানের সিদ্ধ প্রদেশের নাবাবশাহের কাছে রবিবার হাজারা এক্সপ্রেস ট্রেন দূর্ঘটনার পর তপস্বর হয়েছে রেল মন্ত্রক। গাফিলতির অভিযোগে ছয় কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করেছে রেলপথ মন্ত্রক।উল্লেখ্য, নাবাবশাহ শহরের কাছে হাজারা এক্সপ্রেস ট্রেনের ১০টি বগি লাইনচ্যুত হয়ে যায়। এই দুর্ঘটনায় অন্তত ৩০ জন যাত্রী প্রাণ হারান। রেল মন্ত্রক জানিয়েছে, ইঞ্জিনে ক্রুটি দেখা দেওয়ার পরে সংশ্লিষ্ট কর্মকর্তারা তা চি ক করতে পারেননি। রেলমন্ত্রী সাদ রফিক মঙ্গলবার জাতীয় সংসদে বলেন, লোকমোটিভের ১২টি চাকার মধ্যে দুটি জ্যাম হয়ে যায়, কিন্তু ইঞ্জিন প্রতিস্থাপনের পরিবর্তে কর্মকর্তারা ‘ক্রত সংশোধন’ করার জন্য পুরানো ইঞ্জিনটি পাঠানোর সিদ্ধান্ত নিয়েছিল। আর তাতেই ৩০ জনের প্রাণ অকালে চলে যায়।

বিধি লঙ্ঘন, আসিমগঞ্জের বেসরকারি সানরাইজ হাসপাতাল সিল করিমগঞ্জ জেলা প্রশাসনের



পাথারকাঙ্গি (অসম), ৯ আগস্ট: সরকারের বৈধে দেওয়া গাইড লাইন লঙ্ঘনের দায়ে করিমগঞ্জ জেলার অন্তর্গত পাথারকাঙ্গি থানাদানী আসিমগঞ্জে অবস্থিত বেসরকারি সানরাইজ হাসপাতাল সিল করে দিয়েছে প্রশাসন।করিমগঞ্জের জেলাশাসক মদুলকুমার যাদবের নির্দেশে মঙ্গলবার বিকেলে পাথারকাঙ্গি থানার ওসি ইনস্পেক্টর সমরজি স্তমভটারির নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী নিয়ে আসিমগঞ্জের সানরাইজ হাসপাতাল সিল করে দিয়েছেন পাথারকাঙ্গির প্রশাসনিক ম্যাজিস্ট্রেট তথা রেভিনিউ সার্কল অফিসার এস নেহা।অভিযোগ, সরকারি বিভিন্ন গাইড লাইন উপেক্ষা করে এই বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষ চিকিৎসার নামে দীর্ঘদিন ধরে ব্যবসা চালিয়েছেন। অভিযোগ করা হয়েছিল করিমগঞ্জের ডাঃগস ইনস্পেক্টর এবং জেলাশাসকের দফতরের। ইত্যবসরে করিমগঞ্জের জেলাশাসক অভিযোগের ভিত্তিতে সঠিক তদন্তের জন্য বিশেষ এক তদন্তকারী দল পাঠিয়েছিলেন।তদন্তকারী দল অভিযোগের সত্যতা যাচাই করে হাসপাতাল কর্তৃপক্ষকে সমরসীমা বৈধে শোকজন নোটিশ পাঠায়। কিন্তু হাসপাতাল কর্তৃপক্ষ ওই নোটিশের কোনও গুরুত্ব দেওয়ার প্রয়োজন বোধ না করে তার জবাব দেননি। ফলে জেলাশাসক নিয়ম বহির্ভূতভাবে পরিচালিত সানরাইজ হাসপাতালকে সিল করার নির্দেশ দেন।

সংসদে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধার্ঘ্য, লোকসভা ও রাজ্যসভায় এক মিনিটের নীরবতা পালন

নয়াদিল্লি, ৯ আগস্ট : ভারত ছাড়া আন্দোলনের স্মরণে বৃধবার সংসদে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানানো হল। স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে লোকসভা ও রাজ্যসভায় এক মিনিটের জন্য নীরবতা পালন করা হয়। অন্তরের অন্তঃস্থল থেকে ‘স্বাধীনতা’ সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানানো আই ন শৃংখতে।রা।।এছা ড়।ও পারমাণবিক বোমা হামলার ৭৮-তম বার্ষিকীতে জাপানের হিরোশিমা এবং নাগাসাকিতে নিহতদের প্রতিও এদিন সংসদে শ্রদ্ধা জানানো হয়। সংসদের বহির্দেও এদিন ভারত ছাড়া আন্দোলনের স্মরণে স্বাধীনতা সংগ্রামীদের শ্রদ্ধা জানানো হয়। সংসদ চত্বরে অবস্থিত গান্ধীমূর্তিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান বিরোধীরা।



রাজ্যসভার অধিবেশন দুপুর দু’টো পর্যন্ত মূলতই হয়ে গিয়েছে।অন্যদিকে ভারত ছাড়া আন্দোলনের স্মরণে

বলা হচ্ছে, সত্যি এটারই প্রাপ্য তাঁরা।বৃধবার সকালে দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ বলেছেন, পারিবারিক বংশবাদের অর্থ হল একজন নেতার পুত্র অথবা কন্যাই শুধুমাত্র দলের নেতা হবেন। শুধু একজন নেতাই নন, তিনি হয় প্রধানমন্ত্রীমুখ্যমন্ত্রী অথবা প্রধানমন্ত্রীমুখ্যমন্ত্রী পদের প্রার্থী হবেন

মঙ্গলবার রাত ৯টা নাগাদ হাসাপাতালেই শেষ নিশ্বাস ত্যাগ করেন খ্যাতনামী এই পরিচালক। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৩।বেশ কয়েকদিন ধরেই নিউমোনিয়া ও লিভারের সমস্যায় ভুগছিলেন তিনি। চিকিৎসা চলছিল তাঁর। মঙ্গলবার আচমকই হৃদরোগে আক্রান্ত হন তিনি। পরে ভেন্টিলেটর

চলাচলা এছাড়াও জন্ম থেকে শ্রীনিগের অমরনাথ যাত্রাও সাময়িকের জন্য স্থগিত করা হয়েছে। বৃধবার সকালে জন্মু ও কাশীর ট্রাফিক পুলিশ জানিয়েছে, রামবানের টি২ মারোগে ভূমিধসের কারণে

আগুন নেভাতে পৌঁছয় দমকলের ২১ ইঞ্জিন। দমকল কর্মীদের দীর্ঘ সময়ের প্রচেষ্টার পর সকালের দিকে আগুন নিয়ন্ত্রণে এসেছে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি।দমকল অফিসার রাজেন্দ্র আটওয়াল বলেছেন, বৃধবার ভোরে একটি প্লাইউডের দোকানে আগুন লাগে। অগ্নিকাণ্ডের কারণ এখনও নিশ্চিত হওয়া যায়নি।ভোর ৪.০৭ মিনিট নাগাদ আগুন লাগার খবর পাওয়া যায়। মোট ২১টি ইঞ্জিন আগুন নিভিয়েছে। তিনি আরও বলেছেন, প্রথমে

বীর সেনানিদের প্রতি শ্রদ্ধার্ঘ্য, দেশজুড়ে ’’মেরি মাটি মেরা দেশ’’ কর্মসূচির সূচনা

নয়াদিল্লি, ৯ আগস্ট : দেশজুড়ে সূচনা হল ’’মেরি মাটি মেরা দেশ’’ কর্মসূচি। বীর সেনানিদের প্রতি শ্রদ্ধার্ঘ্য স্বরূপ, যারা দেশের জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছিলেন তাঁদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই কর্মসূচির সূচনা করা হয়েছে। চলতি মাসের ৩০ তারিখ পর্যন্ত চলবে এই কর্মসূচি। এই কর্মসূচির মধ্যে রয়েছে বীর শহীদদের নামে স্মৃতিসৌধ নির্মাণ, প্রতিটি বাড়িতে জাতীয়



পতাকা উত্তোলন এবং রাজধানীতে অমৃত ডাটিকা নির্মাণ-সহ পাঁচ দফা

কর্মসূচি।এছাড়াও এই কর্মসূচির অধীনে প্রতিটি গ্রাম পঞ্চায়েত এবং

জি-২০ সম্মেলনে রাশিয়া-ইউক্রেন যুদ্ধ নিয়ে আলোচনা হবে:মার্কিন যুক্তরাষ্ট্র

ওয়াশিংটন, ৯ আগস্ট : রাশিয়া-ইউক্রেন যুদ্ধ নিয়ে আলোচনা হবে জি-২০ সম্মেলনে, এমন তথ্যই অন্যান্যে আসে।রাি। মার্কিন বিদেশ দফতরের মুখপাত্র ম্যাথিউ মিলার

বলেন, সেপ্টেম্বরে ভারতে অনুষ্ঠিত জি-২০ সম্মেলনে রাশিয়া ও ইউক্রেনের যুদ্ধ আলোচনার অন্যতম বিষয় হতে চলেছে।উল্লেখ্যনিয়ে যে প্রেসিডেন্ট

জো বাইডেনসহ জি-২০ দেশের নেতারা এই সম্মেলনে অংশ নিতে যাচ্ছেন। মুখপাত্র ম্যাথিউ মিলার মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে বলেন- ’’আমরা সারা বিশ্বের বহু দেশের সেনা সদস্যরা ’কংগ্রেশনাল কন্সাস অন ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান আমেরিকানস’-এর উদ্যোগে ভারত সফরে আসছেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন ভারতীয়-আমেরিকান কংগ্রেসম্যান রো খান্না এবং কংগ্রেসম্যান মাইকেল ওয়াল্টজ। ভারত সফরের সময়, মার্কিন কংগ্রেসম্যান লাল কেল্লা পরিদর্শন করবেন। যেখানে প্রধানমন্ত্রী ভারতের স্বাধীনতা দিবসে জাতির উদ্দেশে ভাষণ দেবেন। এই অনুষ্ঠানে উপস্থিত অন্যান্যরা হায়াব্রাদ, মুম্বই

বলেছেন, সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বারবার বলেছেন, সরকারি মণিপুর হাতিয়ে আলোচনা করতে প্রস্তুত বিরোধীরা পালিয়েছে, আমরা না।কংগ্রেস সাংসদ রাহুল গান্ধীর অভিযোগ খারিজ করে স্মৃতি ইরানি আরও বলেছেন, মণিপুর ভারতের অবিচ্ছেদ্য অংশ। কখনও বিভক্ত ছিল না, বিভক্ত হবেও না। রাহুলকে উদ্দেশ্য করে স্মৃতি বলেন, আপনি ভারত নন, কারণ ভারত দুর্নীতিগ্রস্ত নয়। ভারত বংশবাদ নয়

দেন বিজেপির সাংসদরা। দুর্নীতি ভারত ছাড়া, ’’বংশবাদ ভারত ছাড়া, তুষ্টিকরণ ভারত ছাড়া-এই সমস্ত স্লোগান দিতে থাকেন বিজেপি সাংসদরা।এই ধর্গা প্রদর্শন প্রসঙ্গে বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে বলেছেন, এই ৭৫ বছরে কংগ্রেস ও কংগ্রেস দ্বারা সমর্থিত দল দেশকে তিনটি জিনিস দিয়েছে, যা দেশকে তিমির মতো খেয়ে ফেলেছে। বংশবাদ... তাঁদের বিরুদ্ধে বাতাবরণ তৈরি করার সময় এসেছে, কারণ গণতন্ত্র জনগন, সাধারণের জন্য। দ্বিতীয় প্রশ্নটি দুর্নীতি নিয়ে। তৃতীয়টি হলো ভোষণের বিষয়ে- সংখ্যালঘুদের বিমাত্র করে ভোটব্যাংকের রাজনীতি করা হচ্ছে এবং তারা দেশে নীতি বাস্তবায়ন হতে দিচ্ছে না।

টু ইটের প্রেক্ষিতে রবিশঙ্কর প্রসাদ বলেছেন, রাজনীতিতে পারিবারিক শাসন ভারত ছাড়া,ছাডুন, তোষণের রাজনীতি ভারত ছাড়া, দুর্নীতি ভারত ছাড়া। দেশের গণতান্ত্রিক কাঠামোকে সুরক্ষিত ও দুর্নীতি রূখতে হচ্ছে, এই অশুভ-পারিবারিক শাসনকে ভারত ছাড়তে হবে।

তাদের সামর্থ্য নির্বিশেষে। রাহুল গান্ধীর প্যাকেজিং এবং রি-প্যাকেজিং চলছে। কিন্তু কংগ্রেস কি কখনও রাহুল গান্ধীকে ভারতের মতো দেশের নেতা হতে সক্ষম বলে মনে করে?ভারত ছাড়া আন্দোলন নিয়ে বৃধবার সকালে একটি টু ইট করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর সেই

মতো হিট ছবি উপহার দিয়েছেন তিনি। হিন্দিতে খুব বেশি ছবি না করলেও প্রথম ছবিই হিট।

বলিউডে তাঁর অভিনেত্রী হয় ’ছবির মাধমো। প্রিয়দর্শন পরিচালিত এই ছবির চিত্রনাট্যকার ছিলেন তিনি। তার পর ২০১১ সালে সলমন খান, করিনা কপূর অভিনীত ‘ছবির পরিচালনা করেন।

জানানো হয়েছে, জন্মু-শ্রীনগর জাতীয় সড়কে ভূমিধসের কারণে জন্মু থেকে নিশ্চিতকরণ ছাড়া ৪৪ নম্বর জাতীয় সড়ক ভ্রমণ না করার পরামর্শ দেওয়া হয়েছে।ট্রাফিকের পক্ষ থেকে। পুলিশের পক্ষ থেকে আরও

২-৬টি ইঞ্জিন আগুন নেভাতে পৌঁছয়, পরে ২১টি ইঞ্জিন আগুন নেভানোর কাজ সহায়তা করে। আগুন নিয়ন্ত্রণে এসেছে, তবে প্লাইউড নিভতে কিছুটা সময় লাগবে...কোনও হতাহতের খবর নেই।

পৌর কর্পোরেশনে শিলালিপিও স্থাপন করা হবে, যাতে সেই গ্রামের অজ্ঞাত বীরদের নাম খোদাই করা হবে। এই কর্মসূচিটি আজাদি কা অমৃত মহোৎসব-এর সমাপ্তি অনুষ্ঠান, যা ২০২১ সালের ১২ মার্চ শুরু হয়েছিল। উল্লেখ্য, প্রধানমন্ত্রী


নরেন্দ্র মোদী তাঁর সাম্প্রতিকতম মন-কি-বাত অনুষ্ঠানে এই কর্মসূচির ঘোষণা করেছিলেন।

মিদের সঙ্গে আলোচনায় ইউক্রেনে চলা যুদ্ধ নিয়ে আলোচা করে যাচ্ছি এতে কোনো সম্ভেহ নেই যে জি-২০ শীর্ষ সম্মেলনেও ইউক্রেনের এই যুদ্ধ নিয়ে আলোচনার বিষয়ইসবসয়ে বেশি গুরুত্বপাের।

অমরনাথ বিদ্যালঙ্কার ছিলেন একজন ভারতীয় স্বাধীনতা সংগ্রামী যিনি গান্ধীজির সাথে চার বছর জেপির ছিলেন এবং পরে ভারতের প্রথম সংসদের অংশ হয়েছিলেন।খান্না বলেন, ইন্ডিয়া ককাসের সহ-সভাপতি হিসেবে ভারতে একটি দ্বিদলীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেওয়া সম্মানসহ বিষয়। আমরা এই সময়ের মধ্যে দুই দেশের মধ্যে অর্থনৈতিক ও প্রতিরক্ষা সম্পর্ক উন্নয়নের দরকার বিষয়েও আলোচনা করব।

যোগ্যতায় বিশ্বাস করে এবং আজকের দিনে আপনার মতো লোকদের মনে রাখা দরকার ব্রিটিশদের যা বলা হয়েছিল - ভারত ছাড়া। দুর্নীতি ভারত ছাড়া, বংশবাদ ভারত ছাড়া। মেধা এখন ভারতে স্থান পায়।

দুর্নীতি, বংশবাদ ও তোষণ ভারত ছাড়াঃপ্রধানমন্ত্রী মোদী



নয়াদিল্লি, ৯ আগস্ট : ভারত ছাড়া আন্দোলনের স্মরণে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানানো প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অন্তরের অন্তঃস্থল থেকে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী মোদী। একইসঙ্গে দুর্নীতি, বংশবাদ ও তোষণকে ভারত ছাড়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী।প্রধানমন্ত্রী মোদী বৃধবার সকালে টুইট করে লিখেছেন, ভারত ছাড়া আন্দোলনে অংশগ্রহণকারী মহানদের প্রতি শ্রদ্ধার্ঘ্য। গান্ধীজির নেতৃত্বে এই আন্দোলন ভারতকে উপনিবেশিক শাসন থেকে মুক্ত করতে একটি বড় ভূমিকা পালন করেছিল। এখন ভারত এক কণ্ঠে বলছে, দুর্নীতি ভারত ছাড়া। বংশবাদ ভারত ছাড়া। তোষণ ভারত ছাড়া।

ফিলিপিন্সে ৫.৪ তীব্রতার ভূমিকম্প, কোনও ক্ষয়ক্ষতির খবর নেই

ম্যানিলা, ৯ আগস্ট :হালকা তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল ফিলিপিন্স, রিসটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৫.৪। বৃধবার সকালে জার্মান বিশ্বাি সেন্টার ফর জিওসয়েন্স জানিয়েছে, বৃধবার ৫.৪ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয় ফিলিপিন্সের মিনদানাও অঞ্চলে।ভূমিকম্পের উৎসস্থল ছিল ডুপুণ্টের মাত্র ১০ কিলোমিটার (৬.২১ মাইল) গভীরতায়। ফিলিপিন্সের সিসমোলোজি সেন্টার অংশ জানিয়েছে, ভূমিকম্পের তীব্রতা ছিল ৫.৩। ভূমিকম্পের তীব্রতা অপেক্ষাকৃত বেশি থাকা সত্ত্বেও কোথাও ক্ষয়ক্ষতির কোনও খবর পাওয়া যায়নি। তবে, কম্পনের জেরে উৎসস্থলে বসবাসকারী মানুষজন আতঙ্কিত হয়ে পড়েন।

যমুনোত্রী হাইওয়েতে বাসের ওপর পড়ল পাথর, মহারাষ্ট্রের মহিলা তীর্থযাত্রীর মৃত্যু


উত্তরকান্ধী, ৯ আগস্ট : যমুনোত্রী হাইওয়েতে বাসে পাথর পড়়ে, মহারাষ্ট্রের মহিলা তীর্থযাত্রীর মৃত্যু হয়েছে। বাসটি উত্তরাখণ্ডের যমুনোত্রীতে মহারাষ্ট্র থেকে তীর্থযাত্রী নিয়ে আসছিলা।বাসের ওপর পাথর পড়ে এক মহিলা তীর্থযাত্রীর মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। দুর্ঘটনায় .আহত হয়েছে এক পুরুষ পুয়াখী। তাকে দেহরাদুনের এক হাসপাতালে পাঠানো হয়েছে। খেলা বিপর্যয় অপারেশন কেন্দ্রের তরফে জানা গিয়েছে, জানকিচিট্র থেকে বারকোটের মধ্যবর্তী স্থান ডাবরকোটের কাছে দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনায় একজন মহিলা পুয়াখী সহ দুইজন আহত হয়েছেন বলে জানা গিয়েছে। তাদের বারকোট নামক স্থানে আনা হলে মহিলা তীর্থযাত্রী পায়ালের মৃত্যু হয়।আহত কৃষ্ণা সিংকে দেহরাদুনে পাঠানো হয়েছে। বাসের যাত্রীরা যমুনোত্রী দর্শন করে ফিরছিলেন বলে পুলিশ জানিয়েছে

সিমলায় আপেল বোঝাই ট্রাক উল্টে নিহত দুই

সিমলা, ৯ আগস্ট : সিমলায় পিকআপ ভানকে ধাক্কা, আপেল বোঝাই ট্রাক উল্টে মৃত্যু হয়েছে দুই যাত্রী। এই দুর্ঘটনায় অট্টা নাগাদ শহরতলীর ঢালিতে আপেল বোঝাই একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে পড়ে যায়।ট্রাকটির ধাক্কায় পিকআপ ভানহয় তিন থেকে চারটি গাড়িও ক্ষতিগ্রস্ত হয়েছ বলে পুলিশ জানিয়েছে। দুর্ঘটনায় ঘটনাস্থলেই ট্রাকে থাকা দুইজন যাত্র হারান। সিমলা-রামপুর জাতীয় সড়কের মাশোবরার কাছে দুর্ঘটনাটি ঘটে। ট্রাকটি আপার সিমলা থেকে আপেল

নিয়ে যাচ্ছিল। পুলিশ জানায়,ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে পিকআপ ভানকে ধাক্কা মেরে মাশোবরার রাস্তায় উল্টে যায়। এই দুর্ঘটনায় অট্টা নাগাদ সড়কে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। ঘটনাস্থলে রয়েছে পুলিশের দল।সিমলায় এসপি সত্ত্বার দুর্ঘটনায় দুইজনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে জানিয়েছেন। তিনি বলেন, দুর্ঘটনায় আরও দুইজনকে উদ্ধার করা হয়েছে। নিহতদের মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। তাদের শনাক্ত করার চেষ্টা চালাচ্ছে পুলিশ।

প্রকাশ্যে এল তৃণমূলের গোষ্ঠী কোন্দল , মন্ত্রী জামাইয়ের বিরুদ্ধে এলাকায় পড়ল পোষ্টার



সাগর,৯আগস্ট: পঞ্চায়েত নির্বাচন মেটর পরে আবারও সাগরে তৃণমূলের গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে চলে এল । সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বঙ্কিম হাজারা পোষ্টারের বিরুদ্ধে সাগরের একাধিক জায়গায় পড়ল পোষ্টার। আর এই পোষ্টারকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক জঙ্গন। পোষ্টারের নিচে বড় বড় অক্ষরের লেখা রয়েছে সৌজন্যে পুরানো তৃণমূল কর্মী। সুন্দরবন উন্নয়ন মন্ত্রীর জামাইয়ের একাধিক জমির নকশা এই পোষ্টারে তুলে ধরা হয়েছে । সুন্দরবন উন্নয়ন মন্ত্রীর জামাই স্বপন কুমার সাগর পঞ্চায়েত সমিতির সভাপতি। একজন পঞ্চায়েত সমিতির সভাপতি হয়ে কয়েক দিনের মধ্যে কয়েক কোটি টাকার সম্পত্তির মালিক কি করে হয় সেই প্রশ্ন তুলে গঙ্গাসাগর জুড়ে পোষ্টার সাটালো পুরানো তৃণমূল কর্মীরা। আর এই পোষ্টারকে কেন্দ্র করে এখন শাসক-বিরোধী তারজা তুঙ্গে উঠেছে এলাকায় । সাগরের বিজেপি নেতা বিপ্লব নায়ক বলেন, সাগরে পোষ্টার বিতর্ক নতুন কিছু নয়। এর আগেও বেশ কিছু জায়গায় মাননীয় মন্ত্রী বঙ্কিম চন্দ্র হাজারার জামাইয়ের বিরুদ্ধে পোষ্টার পড়েছিল। এবার তাঁর জামাইয়ের বিরুদ্ধে কোটি কোটি টাকার সম্পত্তির মালিক কিভাবে হল কয়েক দিনের মধ্যে , সেই প্রশ্ন তুলে বিভিন্ন জমির দলিলের ও জমির নকশা দিয়ে একাধিক জায়গায় পোষ্টার পড়েছে। আমরা চাই মাননীয় মন্ত্রী এই গোটা বিষয় তদন্ত করুক এবং তার জামাই যদি দৌরী সাব্যস্ত হয় তাকে আইনানুক্র শাস্তি দিক। না হলে আমরা ভাববো এই জমি কেনা বেচার সঙ্গে মন্ত্রীরও মদত রয়েছে। এ বিষয়ে এক স্থানীয় ব্যবসায়ী বিবেক কৃষ্ণ মন্ডল বলেন, সকালে যখন প্রতিদিনের মতোই দোকান খুলতে আসি তখন দেখি দোকানের দেওয়ালে কে বা কারা পোষ্টার মেরে দিয়ে গিয়েছে। পোষ্টারের নিচে লেখা রয়েছে সৌজন্যে পুরনো তৃণমূল কর্মী। এ বিষয়ে গঙ্গাসাগর-বকখালি ডেভেলপমেন্ট বোর্ডের ভাইস চেয়ারম্যান তথা তৃণমূলের জেলা পরিষদের প্রাক্তন সদস্য সন্দীপ কুমার পাত্র জানান, রাতের অন্ধকারে কে বা কারা পোষ্টার মেরেছে তা জানি না। কিন্তু পোষ্টারের লেখা রয়েছে যে পুরনো তৃণমূল কর্মী । এই তথ্য সম্পূর্ণ মিথ্যা। সাগর বিধানসভায় তৃণমূলের গোষ্ঠী কোন্দল নেই। পঞ্চায়েত নির্বাচনের আগে আমার নামেও একাধিক জায়গায় পোষ্টার পড়েছিল। কিন্তু মানুষ এই পোষ্টারের বিতর্কে বা এই মিথ্যাকাচারে পা নাদিয়ে সাগরের পঞ্চায়েত গুলিতে মমতা ব্যানার্জি সৈনিকদের বিপুল ভোটে জয়যুক্ত করেছে। যার নামে পোষ্টার তিনি মাননীয় সুন্দরবন উন্নয়ন মন্ত্রীর জামাই স্বপন কুমার প্রধান । তিনি বহু বছর ধরে সক্রিয় রাজনীতির সঙ্গে যুক্ত এবং তিনি একজন প্রসিদ্ধ ব্যবসায়ী। তাকে এরকমভাবে কালিমালিগু যারা করেছে আমরা এদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেব।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা, ১০ আগস্টঃবৃহৎবার, ২৪শ্রাবণ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১০আগস্ট ২০২৩, ৫৫৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ২৪ শ্রাবণ মাস, চান্দ্র ৭ মঘসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ২৪ শ্রাবণ মাস ১৪৩০, ভারতীয় সিলিঃ২৪ শ্রাবণমাস ১৯৪৪, মৈতেঃ১৪ শজিবু, আশামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অরুণাচলপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১ঃ২১ঃ৬৫(৮)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭ঃ৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪ঃ৮ঃ৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবজিহ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩ঃ৩৮ঃ৪৫ পর্যন্ত পরে বিত্তিযোগঃঅতিগেও অমৃতযোগঃদিন ০৫ঃ২ঃ৪ঃ৩১ থেকে - ০৭ঃ০ঃ৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ১০ঃ২ঃ৩ঃ৩০ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৩ঃ০৪ থেকে - ০২ঃ৩ঃ২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫ঃ২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২ঃ৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫ঃ৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০ঃ৩ঃ০ঃ২০ থেকে - ০৬ঃ৫ঃ২ঃ১৬ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২ঃ৯ঃ০৪ থেকে - ১১ঃ১ঃ৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০ঃ৫ঃ২ঃ১ঃ২ থেকে - ০৫ঃ২ঃ৪ঃ৩০ পর্যন্ত কুলিক বেলঃ দিন ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৪ঃ২ পর্যন্ত কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ২৫ থেকে - ০৮ঃ৫ঃ০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ১ঃ ২ থেকে - ১০ঃ৪ঃ৫ঃ২ পর্যন্ত। কালোলোঃদিন ১০ঃ৪ঃ৫ঃ২ থেকে - ১১ঃ৩ঃ৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪ঃ৫ঃ২ থেকে - ১০ঃ১১ঃ৪ঃ০১ পর্যন্ত গ্রন্থকুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ১২ঃ৪ঃ ৬১৯ (২৭) ৩ পদবৃক্ষঃ ২২১৫ঃ২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ২২৭৫ঃ৩৯১ (২৬) ২ পদবৃক্ষঃ ০২২২৫ (১) ১ পদবৃক্ষমুপ্তিঃ ১০২৯ঃ৪২ঃ২ (২৫) ৬ পদশুক্রঃ ২২৭৫ঃ৩৯১ (২৬) ১ পদমঙ্গলঃ ৯২৫৪ঃ৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭ঃ৫ (৩) ২ পদকেতুঃ ৭২২৭ঃ৫ (১৬) ৪
আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০৪ডিগ্রী সেল্টিসিয়াস ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৭৩শতকরা। বৃষ্টি হয়েছে মঙ্গলবার। জোয়ার-সকাল ৭টা ২০ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাট-সকল-১০টা ২০মিনিট। রাত-১০টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৫মিনিট এবং সূর্য অস্ত্য যাবে ঃ ৬ টা ২০ মিনিটে।
রাশিফল
মেঘরাশিঃআপনার প্রত্যাশা পূরণের জন্য ব্যক্তিগত সম্পর্কের অপব্যবহার আপনার ক্রীকে বিরক্ত বৃষত রাশিঃআপনি অবসর যাপনের আনন্দ উপভোগ করবেন। সংসারে শান্তি আসবে। মিথুন রাশিঃআপনি আপনার শারীরিক সক্ষমতা বজায় রাখতে কিছু ক্রীড়া কার্যকলাপ উপভোগ করতে পারেন। সংসারে শান্তি। কর্কট রাশিঃভ্রমণ-ভোজ এবং আনন্দ আপনাকে আজ এক ভালো মেজাজে রাখবে। আজ, আপনাকে এমন বন্ধুরা থেকে দূরে থাকা দরকার যারা আপনাকে অর্থ ঋণ দিতে বলে এবং তারপরে এটি ফেরত দেয় না।শুভদিন হবে সিংহ রাশিঃএকটি সুশির সংবাদ পাওয়া সম্ভবপর। এই রাশিচক্রের সুপ্রতিষ্ঠিত ও সুপরিচিত ব্যবসায়ীদের আজকের অর্থটি ব্যবস্তা করেই বিনিয়োগ করতে হবে। পরিশ্রমের বিকল্প নেই আজ কন্যা রাশিঃআজকের বিনোদনের মধ্যে খেলাধুলো সজোড় ফ্রিয়াকলাপ এবং বহিরের অনুষ্ঠান অন্তর্ভুক্ত থাকা উচিত। তুলা রাশিঃবাড়িতে অতিথি আসতে পারে। শুভ রং লাল। বৃশ্চিক রাশিঃমনে হচ্ছে সিনেমা-থিয়েটারে সন্ধ্যায়াপন বা আপনার স্বামী বা স্ত্রীর সাথে সন্ধ্যাভোজ আপনাকে এক আয়েসী এবং চমকপ্রদ মেজাজে রাখবে। ধনু রাশিঃআপনি পরিস্থিতি সামলানোর ফলে আপনার উদ্বেগের সৃষ্টি হবে। আপনি সম্ভবত বুঝতে পারবেন যে এটি সাবানোর বুধের মতো সবই হবে মকর রাশিঃশ্রেষ্ঠতর জীবনের জন্য আপনার স্বাস্থ্য এবং সামগ্রিক বজাি উন্নত করার চেষ্টা করুন আজ আপনার সমস্যা হল আপনার টাকা ব্যালে থাকবে-কুন্ড রাশিঃকোন পুরানো বন্ধুর সাথে পুনর্মিলন আপনার উদ্দীপনা বাড়িয়ে তুলবে।শুভদিন মীন রাশিঃএ অন্নভূতিগুলি আপনাকে অনুপ্রাণিত করে সেগুলিকে চিহ্নিত করুন। ভয়, সন্দেহ, রাগ, ভোভ ইত্যাদির মত নেতিবাচক ভাবনাগুলিকে

কলকাতা-সহ দক্ষিণবঙ্গে আপাতত বৃষ্টিপাত চলবে

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট : কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আপাতত বৃষ্টিপাত চলবে, তবে হালকা থেকে মাঝারি। কলকাতার পাশাপাশি বৃষ্টির সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গের হাওড়া, দক্ষিণ ও উত্তর ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পূর্ব ও পশ্চিম বর্ধমান, নদিয়া, বীরভূম ও মুর্শিদাবাদ জেলায়। দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গের বিভিন্ন জেলাতেও হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত চলবে। উত্তরবঙ্গের ওপরের দিকের পাঁচ জেলা দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার ও জলপাইগুড়িতে বিক্ষিপ্তভাবে বৃষ্টি চলবে। হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে মালদহ ও দুই দিনাজপুরে। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, বৃহস্পতিবার পর্যন্ত দক্ষিণ ও উত্তর দুই বঙ্গেই এমনই বৃষ্টিপাত চলবে। এই সময়ে ওঠানামা করবে তাপমাত্রার পারদও, কখনও বাড়তে পারে আবার কখনও কমবে। বুধবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি কম। কলকাতায় বৃষ্টি সেভাবে ভারী ও একনাগাড়ে না হওয়ায় ফের অনুভূত হচ্ছে হালকা গরম।

আমতা আওড়গাছি প্রাথমিক বিদ্যালয়ে রবীন্দ্রস্মরণে বৃক্ষরোপণ

অভিজি হাজরা, আমতা,৯ আগস্ট : ২২ শে শ্রাবণ রবীন্দ্রনাথের মৃত্যুদিবস। এই দিবসটি একটু অন্যরকম ভাবে উদ্‌যাপন করল গ্রামীণ হাওড়া জেলার উলুবেড়িয়া উত্তর বিধান সভার অন্তর্গত আমতা ১ নং ব্লকের সিরাজগাতি চক্রের অন্তর্ভুক্ত আমতা আওড়গাছি প্রাথমিক বিদ্যালয়। রবীন্দ্রনাথ প্রায় ১০০ বছর আগে বন মহাসেবের সূচনা করেছিলেন। সেই বিষয়টি আজকের অনুষ্ঠানে তুলে ধরা হয়। এবং এই উপলক্ষে রবীন্দ্র প্রতিকৃতিকে সামনে রেখে বৃক্ষরোপণ করা হয়। অংশগ্রহণ করেন ছাত্র ছাত্রী ও শিক্ষকেরা। অনুষ্ঠানে রবীন্দ্রনাথের পরিবেশ ভাবনাকে তুলে ধরা হয়। আলোচনা করেন প্রধান শিক্ষক প্রদীপ রঞ্জন রীত এবং সহ শিক্ষক সৌমেন মন্ডল। ছাত্র ছাত্রী রা রবীন্দ্রনাথের কবিতা আবৃত্তি করেন ও রবীন্দ্রসংগীত পরিবেশন করে। প্রধান শিক্ষক প্রদীপ রঞ্জন রীত বলেন - ‘ রবীন্দ্রনাথ বহু কাল আগেই পরিবেশের আগামী সংকটকে উপলব্ধি করেছিলেন এবং বৃক্ষরোপণ উৎসবের আয়োজন করেছিলেন। রবীন্দ্রনাথের এই ভাবনা এখন খুব বেশী রকম প্রাসঙ্গিক। পরিবেশ- ভাবুক রবীন্দ্রনাথকেই আমরা ছাত্র ছাত্রী দের কাছে তুলে ধরতে চেয়েছি এবং তাদের মধ্যে পরিবেশ চেতনা জাগ্রত করতে চেয়েছি ’ ।

অবনীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন উপলক্ষে চন্দননগরে প্রশিক্ষণ শিবির



দূরন্ত বার্তা, হুগলি, ৯ আগস্ট : ছোট বেলায় অনেকেই মাটি নিয়ে খেলতে ভালোবাসে। আর সেই মাটি নিয়ে খেলতে খেলতেই তৈরী হয়ে যায় নানান রকম জিনিস। একটা কখনও পুতুল,কখনও পাখি। আবার একটু বড়ো হতেই ঐ হাতেই তৈরী হয় মূর্তি।কখনও দুর্গা,লক্ষী,সরস্বতী বা জগদ্ধাত্রী। ছেলেবেলার এই নেশা ধীরে ধীরে বড়ো বেলায় অনেকেই এই মূর্তি তৈরী টাকেই জীবনের পেশা করে নেয়।তৈরী হয় নানা ভাস্কর্য।ছোটবেলায় এই নেশাটাকে একটু ঘষা মাজা করে আরো বেশি করে রকমবকে করে তোলা যায় তার জন্যই পশ্চিমবঙ্গ সরকার এর তথ্য ও সংস্কৃতি বিভাগের শিশু কিশোর একাডেমির আয়োজনে এই কর্মশালা। যেখানে মূর্তি তৈরির সঠিক পদক্ষেপ গুলি ধাপে ধাপে শেখানো হল অভিজ্ঞ প্রশিক্ষক তাপস বিশ্বাস দ্বারা। ৭-৯ আগস্ট,২০২৩, তিন ব্যাপী চন্দননগর জ্যোতিরিন্দ্রনাথ সভাগৃহে চলল এই শিবির।মূলত শিল্পগুরু অবনীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন উপলক্ষে আয়োজিত এই প্রশিক্ষন শিবিরে প্রায় ২৫০ ছাত্র ছাত্রী অংশগ্রহণ করে। সেখান থেকে চূড়ান্ত ভাবে ৫০জনকে নিয়ে হয় এই শিবির।

টুইটের ভাষা নিয়ে ফের চাপে মহম্মদ সেলিম



দূরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট : বিতর্কের মুখে ‘পতিতা’ শব্দ বদলে মহম্মদ সেলিম ‘যৌনকর্মী’ করে বিতর্ক এড়ানোর চেষ্টা করেছিলেন। কিন্তু সফল হল না চেষ্টা। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে নিশানা করে সিপিএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমের একটি টুইট সামাজিক মাধ্যমে তোলপাড় করে। একদিকে যেমন শালীনতার মাত্রা ছাড়িয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে বাক্তি আক্রমণের অভিযোগ ওঠে, তেমনিই সেলিমের টুইটে ‘পতিতা’ শব্দের ব্যবহার নিয়ে ঘরে-বাইরে সমালোচনার মুখে পড়েন এই সিপিএম নেতা। এতে যৌনকর্মীদের সম্মানহানি হয়েছে বলে দাবি অনেকের। বুধবারই আরও চাপে পড়েন সিপিএমের রাজ্য সম্পাদক। কলকাতা মৌমিনপুর পেট্রোল পাম্পের সামনে মহম্মদ সেলিমের বাড়ি ঘেরাও করে বেশ কিছু যৌনকর্মী। তাঁদের হাতে ছিল পোস্টার। সেলিমের মন্তব্যের তীব্র নিন্দা করার পাশাপাশি সিপিএম নেতার ক্ষমাও দাবি করেন তাঁরা। সিপিএম নেতার বাড়ির সামনে জড়ো হওয়া যৌনকর্মীদের স্লোগানে এলাকায় শোরগোল পড়ে যায়। এই প্রসঙ্গে সিপিএম নেতা সৃজন চক্রবর্তী ফোনে সংবাদমাধ্যমকে বলেন, ‘আমরা বিষয়ে কিছু জানা নেই, তাই না জেনেই কোনও মন্তব্য করব না। যারা বিক্ষোভ দেখাচ্ছেন, কেউ তাঁদের সেখানে পাঠিয়েছেন কি না, সেটাও জানা নেই।’অন্যদিকে এ প্রসঙ্গে তৃণমূল মুখপাত্র ও রাজ্যসভার সাংসদ শান্তনু সেন বলেন, ‘২০০৪ সালে মহম্মদ সেলিম যখন উত্তর-পূর্ব লোকসভা কেন্দ্রের সাংসদ হয়েছিলেন, তিনি তৎকালীন তৃণমূল প্রাধী অজিত পাঁজার পূর্ববধূকে প্রকাশ্যে একই ভাষায় আক্রমণ করেছিলেন। তাই এটা প্রমাণিত যে এই সব তাঁর সংস্কৃতিতে রয়েছে। তাই উনি এইসব বলে ফেলেন। এটা তাঁর কুরুচিকর সংস্কৃতির বহিঃপ্রকাশ।’



ফাইবারের মা দুর্গার মূর্তি বিদেশে পাড়ি দেবার আগে শেষ তুলির টানে ময়্য কুমারতুলির শিল্পী মিন্টু পালা। ছবি সুবল সাহা ।

শিবপুর বোটানিক্যাল গার্ডেনে আজ বিকেলে উদ্বোধন হতে চলেছে বহু প্রতীক্ষিত নেচার ট্রেল

দূরন্ত বার্তা, হাওড়া, ৯ আগস্ট : অবশেষে পুজোর আগে ভ্রমণাধীদের জন্য নতুন উপহার দিতে চলেছে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া। শিবপুর বোটানিক্যাল গার্ডেনে বৃহস্পতিবার বিকেলে উদ্বোধন হতে চলেছে বহু প্রতীক্ষিত নেচার ট্রেল। এজেন্সি বোস ইন্ডিয়ান বোটানিক গার্ডেন, বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, হাওড়ার এটি অন্যতম আকর্ষণীয় একটি কেন্দ্র হতে চলেছে। এই নেচার ট্রেলে এলে বিভিন্ন প্রজাতির দৃশ্প্রাপ্য উদ্ভিদের দেখা মিলবে। মনোরম প্রকৃতির ছোয়া মিলবে। বৃহস্পতিবার বিকেল চারটায় এর উদ্বোধন হওয়ার কথা। কেন্দ্রীয় সরকারের পরিবেশ মন্ত্রকের সচিব লীনা নন্দন এর উদ্বোধন করবেন। জানা গেছে, বোটানিক্যাল গার্ডেনের ১০ নং ডিভিশনে ১৫ একর জায়গা নিয়ে তৈরি করা হয়েছে নেচার ট্রেলা। এর ভিতর দিয়ে চলে গিয়েছে বিস্তৃত কয়েক কিমি. পথ। পথগুলো রামায়ণ, মহাভারত থেকে নেওয়া। এখানে ছোট কুঁড়ে ঘর, উন্নত ইকো সিস্টেম থাকছে। যেখানে রয়েছে প্রায় ৩০৭ প্রজাতির ফুলের গাছ। এর মধ্যে ৮৯টি পরিবারের গাছ হয় বিপন্ন না হয় বিলুপ্তপ্রায়। এখানকার গাছ স্বাভাবিকভাবেই বেড়ে উঠেছে।

পঞ্চায়তের বোর্ড গঠনে উওজেনা ছড়ায় জয়নগরে, ঘটনাস্থলে বারুইপুর পুলিশ

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর,৯ আগস্ট : সরকারি নিয়ম মেনে পঞ্চায়েতে বোর্ড গঠনের কাজ চলছে। আর বুধবার জয়নগরে



পঞ্চায়েতে বোর্ড গঠনকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ালো। খবর পেয়ে ঘটনাস্থলে চলে আসে বারুইপুর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার, বারুইপুর এস ডি পি ও, জয়নগর থানার আই সি সহ একাধিক পুলিশ অধিকা রিকগন। এদিন জয়নগর থানার অন্তর্গত জাঙ্গালিয়া গ্রাম পঞ্চায়েতের বোর্ড

বাইরে বোর্ড গঠন বন্ধ থাকার কাজ-কর্মের আসল কারণ না জেনে শাসক ও বিরোধী উভয় পক্ষের দলীয় কর্মীরা উত্তেজিত হয়ে পড়ে। এদিকে অসুস্থ প্রশাসনের আধিকারিককে স্থানীয় পন্নোরহাট গ্রামীন হাসপাতালে নিয়ে যাওয়া হয়।পরবর্তীকালে জয়নগর এক নম্বর সমাপ্তি উন্নয়ন

প্রভৃতির সান্নিধ্য পাবেন। বুধবার এক সাংবাদিক সম্মেলন করে উদ্যাহের সুপারিনটেনডেন্ট দেবেন্দ্র সিং বলেন, মূল উদ্যানের মধ্যেই নতুন এই উদ্যানটির নাম দেওয়া হয়েছে নেচার ট্রেল। তার



আলাদা করে নেচার ট্রেলের জন্য কোনও প্রবেশ মূল্য দিতে হবেনা। এখানে এলে পাহাড়ে ভ্রমণের মতো পরিবেশ পাওয়া যাবে। শুধু তাই নয় এখানে ভ্রমণাধীরা উন্মুক্ত প্রকৃতির বিশুদ্ধ বাতাস, ফুলের গন্ধ, পাখিদের কলকাকলি, উন্মত্ত প্রজাপতি,

মধ্যেই থাকবে প্রায় তিন হাজার প্রজাতির গাছ, সাধারণ পশুপাখি, লেক এবং কাঠের সৌন্দর্যায়িত ব্রিজ। এখানে মিলবে রেন ফরেস্টের রোমাঞ্চকর পরিবেশ। বৃহস্পতিবার কেন্দ্রীয় সরকারের পরিবেশ মন্ত্রকের সচিব লীনা নন্দন এর উদ্বোধন করবেন।

রাজ্যের সচিবালয় কর্মীদের পদোন্নতি ত্বরান্বিত করতে নতুন পদ সৃষ্টি করা হয়েছে

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট : রাজ্যের সচিবালয় কর্মীদের পদোন্নতি ত্বরান্বিত করতে নতুন পদ সৃষ্টি করা হয়েছে। তাঁদের জন্য মোট ৩১৬টি নতুন পদ সৃষ্টির অনুমোদন দিয়েছে রাজ্য মন্ত্রিসভা। সোমবার মন্ত্রিসভার বৈঠকে সেকশন অফিসার থেকে অতিরিক্ত সচিব পর্যায়ের এই নতুন পদগুলির অনুমোদন দেওয়া হয়েছে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। কর্মীদের পদোন্নতি সংক্রান্ত নয়া নীতির সুবিধা আরও সম্প্রসারিত করা প্রস্তাবেও মন্ত্রিসভা অনুমোদন দিয়েছে। জানা গেছে, রাজ্য সরকারের সচিবালয়ে লেয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে যোগ দিয়ে একজন কর্মী পদোন্নতি পেয়ে এতদিনে মুখ সচিব হতে পারতেন। এবার তাঁদের জন্য ১০টি অতিরিক্ত সচিবের পদও সৃষ্টি করা হল। অন্যদিকে, সচিবালয়ের কর্মীদের জন্য সেকশন অফিসারের সংখ্যা ৪৭০ থেকে বেড়ে ৬০০, ওএসডি,রেজিস্ট্রার, ম্পেশাল অফিসারের পদ ২০৮ থেকে বেড়ে ৩০০, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির পদ ১১২ থেকে বেড়ে ১৫০টি, ডেপুটি সেক্রেটারির পদ ১১৪ থেকে বেড়ে ১৫০ ও জয়েন্ট সেক্রেটারির পদ ২০ থেকে বেড়ে ৬০টি হচ্ছে।

রাজ্যের ওয়াকফ সম্পত্তি রক্ষা ও পুনরুদ্ধারে কমিটি তৈরি করছে

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট : রাজ্যের ওয়াকফ সম্পত্তি রক্ষা ও পুনরুদ্ধার করতে রাজ্য সরকার তিন সদস্যের কমিটি তৈরি করেছে। গত সোমবার নব্বামে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী ওই কমিটি গঠন করেছেন বলে প্রশাসনিক সূত্রে খবর।তিনজনের এই কমিটিতে রয়েছেন, রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম, বিপর্যয় মোকাবেলা দফতরের মন্ত্রী জাভেদ আহমেদ খান এবং প্রস্থাগার মন্ত্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী।তিন মন্ত্রীর কমিটি রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান আব্দুল গনির সঙ্গে সমন্বয়ে রেখে কাজ করবেন। রাজ্যে প্রায় ৩৫ হাজার কোটি টাকারও বেশি ওয়াকফ সম্পত্তি রয়েছে। সেই সমস্ত সম্পত্তিগুলির বর্তমান অবস্থা কিরকম এবং কোন পর্যায়ে রয়েছে তা খতিয়ে দেখবে ওই কমিটি। তিনজন ক্যাবিনেট মন্ত্রীকে ওয়াকফ বোর্ডের বিশেষ দায়িত্ব দেওয়ায়,ওয়াকফ বোর্ডের কাজে আরো অগ্রগতি আসবে বলে মনে করা হচ্ছে। এ বিষয়ে রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান জাম্‌সিৎ আব্দুল গনি বলেন, ওয়াকফ সম্পত্তি উদ্ধারে প্রত্যেক জেলার এএসপি এবং জেলাশাসক ভূমিকা অত্যন্ত জরুরী। এ বিষয়ে সরকার যদি কোন আইন পাস করে তবে রাজ্যের ওয়াকফ সম্পত্তি গুলোকে আরও রক্ষা করা সম্ভব হবে। এ বিষয়ে সরকার যদি কাা পদক্ষেপ নেয় তাহলে রাজ্যের ওয়াকফ সম্পত্তি গুলি সার্বিক নিরাপত্তা মিলবে।



চুঁড়দার রবীন্দ্র ভবনে বিশ্ব আদিবাসী দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে উপস্থিত ডঃ সুবীর মুখার্জি ও প্রাক্তন জেলা সভাপতিগণিত পারভেজ রহমান ।

ছিনতাইচক্রকে পাকড়াও করে নয়া ‘পেশার’ হদিশ

দূরন্ত বার্তা, দক্ষিণ ২৪ পরগণা, ৯ আগস্ট : এক ছিনতাইচক্রকে পাকড়াও করে নয়া ‘পেশার’ হদিশ পেলেন তদন্তকারীরা। হাওড়া ষ্টেশনের ছিনতাইকারী চক্রের হদিশ মেলে সোনারপুরে। ঘটনায় প্রেফতার করা হয় তিন জনকে। ধৃতদের নাম রাজ আইচ, শেখ কাসেম ও আকাশ হালদার। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয় হাওড়া ষ্টেশনের যাত্রীদের মোবাইল ফোন ও মানিব্যাগ। ৫টি দামী মোবাইল উদ্ধার করেছে সোনারপুর থানার পুলিশ। জানা গিয়েছে, রিসিভারের কাজ, দিনে ৭০০ টাকা আয়। সোনারপুর থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে, থানার প্রধান অর্থ মণ্ডলের নেতৃত্বে মঙ্গলবার গভীর রাতে টহল দেওয়ার সময় এই তিন জনকে সন্দেহ হওয়ায় তাদের আটক করে পুলিশ। তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে উদ্ধার করা হয় মোবাইল ফোন ও মানিব্যাগ। এই তিন জনকে জিজ্ঞাসাবাদ করে জানা যায়, তারা মূলত রিসিভারের কাজ করত। হাওড়া ষ্টেশনের মধ্যেই ছিনতাইকারীদের টিম সক্রিয়। তারা বিভিন্ন যাত্রীর নানান জিনিস ছিনতাই করে হাওড়া ষ্টেশনের বাইরে গিয়ে তাদের হাতে পৌঁছে দিত। সেখান থেকে চোরাই মালপত্র নিয়ে তারা ঘুটিয়ার শরিফে জমা করত। তার জন্য প্রতিদিন তারা ৭০০ টাকা করে মাইনেও পেত বলে জানা গিয়েছে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। এই চক্রের সঙ্গে আরও অনেকে যুক্ত রয়েছেন বলে পুলিশ জানিয়েছে। তাদের সন্ধান চালানো হচ্ছে বলে সোনারপুর থানার পুলিশ জানিয়েছে।

শান্তিরঞ্জনকে তোলা হলো কোর্টে, পাঁচ দিনের জেল হেফাজতের নির্দেশ

দূরন্ত বার্তা, হাওড়া, ৯ আগস্ট : শান্তিরঞ্জনকে তোলা হলো কোর্টে, পাঁচ দিনের জেল হেফাজতের নির্দেশ। এদিনও বিক্ষোভ ব্যবসায়ীদের। পো।। মঙ্গলাহাট অগ্নিকাণ্ডের ঘটনায় ধৃত শান্তিরঞ্জন দে’কে পাঁচ দিনের জেল হেফাজতের নির্দেশ দিলেন বিচারক। একদিনের সিআইডি হেফাজতের পর বুধবার ফের তাঁকে হাওড়া আদালতে তোলা হয়। চারদিনের হেফাজত চেয়ে আবেদন করা হলোও আদালত তার পরিবর্তে শান্তিরঞ্জন দে’র পাঁচ দিনের জেল হেফাজতের নির্দেশ দেয়। আগামী ১৪ তারিখ ফের তাঁকে আদালতে পেশ করা হবে। এদিকে, মঙ্গলবারের পর বুধবারেই হাওড়া আদালত চত্বরে মঙ্গলাহাটের পোড়া মার্কেটের ব্যবসায়ীরা যে শান্তিরঞ্জনের শাস্তির দাবিতে বিক্ষোভ দেখান। সোমবার রাতে পোড়া মার্কেটের স্বঘোষিত ‘মালিক’ শান্তিরঞ্জন দে’কে প্রেফতার করেছিল সিআইডি। মঙ্গলবার হাওড়া উপায়ুক্ত দেওয়ান হলে তাঁরা একদিনের সিআইডি হেফাজত হয়। বুধবার ফের তাঁকে আদালতে তোলা হয়। ওই সময় ব্যবসায়ীরা বিক্ষোভ দেখায়। ব্যবসায়ীদের দাবি শান্তিরঞ্জন দে’র কঠোরতম শাস্তি চাই।

ভারতের ক্রিয়েটর ইকোনমিকে আরো সাফল্যে নিয়ে যাবে ইউটিউব

৯ আগস্টঃ ভারতের স্থানীয় সংস্করণ চালু হওয়ার ১৫ বছর স্মরণে, ইউটিউব কীভাবে ভারতীয় ক্রিটোরদের চাতুর্য় সাথে ফ্যাল্গদের ক্রমবর্ধমান পছন্দগুলি সৃষ্টি, উপভোগ, এবং পপ কালচারের উল্লেখযোগ্য প্রবণতাতে আকার দিয়েছে, সে সম্পর্কে অনন্য অন্তর্দৃষ্টি শেয়ার করেছে। ২০০৮ সাল থেকে, ক্রিয়েশন টুলস এবং পার্সোনালাইসড বিউসের ক্রমবর্ধমান চাহিদার সম্প্রসারনের দ্বারা চালিত, ভারতের ক্রিয়েটিভ উদ্যোক্তারা সৃজনশীল অভিব্যক্তির নতুন সীমানা অন্বেষণ এবং জয় করেছেন।আজ, যেহেতু ডিজিটাল ভিডিও ল্যান্ডস্কেপ প্রযুক্তি, সৃজনশীলতা এবং পপ কালচারে সংঘটিত হওয়া উল্লেখযোগ্য পরিবর্তনের পর্যায়ে রয়েছে, ক্রিয়াটাস এবং কন্টকদের ক্রিয়েশন, আবিষ্কার এবং সংযোগ করার জন্য একটি নিরাপদ অভিজ্ঞতা দেওয়ার সাথে, ইউটিউব ক্রিয়েটিভ টুলস, নগণ্যকরণের উপায় এবং অর্থপূর্ণ উপায়ে নতুন শ্রোতাদের সাথে জড়িত হতে তাদের সাহায্যের উপায় প্রসারিত করে চলেছে। ইউটিউব, ডিরেক্টর, ইন্ডিয়া, ইউটিউব, বলেছেন, ডিজিটাল ভিডিও সবসময়ই সাক্ষরতা এবং ভৌগোলিক বাধা ভেঙে দেওয়ার ক্ষমতা রাখে।

সেমেস্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট : রাজ্যের নতুন শিক্ষানীতি মেনে রাজ্য সরকার আগামী শিক্ষাবর্ষ থেকে রাজ্যের সব সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক গ্তরে সেমেস্টার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। একাদশ এবং দ্বাদশ শ্রেণীতে পড়ুয়াদের একটি শিক্ষাবর্ষে দুটি করে সেমেস্টার দেওয়া হবে বলে বিদ্যালয় শিক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে। ওএমআর সিটে এই পরীক্ষা নেওয়ার বিষয় ভাবনা চিন্তা করা হচ্ছে বলে সূত্রের খবর। দ্বাদশ শ্রেণীতে দুটো সেমেস্টারের উপর মূল্যায়ন করে উচ্চ মাধ্যমিকের ফলাফল ঘোষণা করা হবে। উল্লেখ্য রাজ্য মন্ত্রিসভা ইতিমধ্যেই এই প্রস্তাবে অনুমোদন দিয়েছে।

নবান্নে ক্লিনিক হেলথ কিয়ক্স চালু করতে চলেছে

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট : রাজ্য সরকার স্বাস্থ্য পরীক্ষার জন্য সচিবালয় নবান্নে ক্লিনিক হেল্থ কিয়ক্স চালু করতে চলেছে। এইখান থেকে র্লাড প্রেসার, চোখ, ডেংগি, টাইফয়েড, হেপাটাইটিস বি, চিকুগুন্ডনিয়া, রক্তে শর্করা, মাতৃবৃকালীন পরীক্ষা সহ মোট ৫০ রকমের পরীক্ষা করা যাবে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। পরীক্ষার পরে রিপোর্ট রোগীর হোয়াটসঅ্যাপ নম্বরে পাঠানো হবে। পাশাপাশি প্রিন্টারের মাধ্যমেও ছাপানো রিপোর্ট দেওয়া হবে।

রাজ্যে শিশুদের অপুষ্টির হার বেশ কিছুটা কমেছে

দূরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট : রাজ্যে শিশুদের অপুষ্টির হার বেশ কিছুটা কমেছে। গত ১০ মাসে এই হার প্রায় ৪ শতাংশ কমেছে বলে নারী, শিশু ও সমাজকল্যাণ দফতরের রিপোর্টে জানানো হয়েছে । দফতর সূত্রের খবর, জেলায, জেলায. ৬ বছর বয়স পর্যন্ত বাচ্চাদের ওজন দেখে একটা পরিসংখ্যান তৈরি করা হয়েছিল। গত বছর জুন মাসের তথ্য অনুযায়ী, রাজ্যে প্রায় ১৮ শতাংশ মারাত্মক ও অল্প অপুষ্টিতে ভোগা শিশু ছিল। এর মধ্যে মারাত্মক অপুষ্টিজনিত সমস্যায় ভুগছিল প্রায় সা।ে ৩ শতাংশ শিশু। এর পর বিভিন্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পরিদর্শন করে সেখানে বিশেষ পুষ্টিকর খাবার সরবরাহের ওপর জোর দেওয়া হয়। এর ফলেই পরিস্থিতির উন্নতি হয়েছে বলে দফতরের তরফে জানানো হয়েছে।

যাত্রাপুরে যুবকের মৃতদেহ উদ্ধার

সোনাগড়া, ৯ আগস্ট : মাহফুজ মিযা নামে এক যুবকের মৃতদেহ উদ্ধার করা হয়েছে । বুধবার দুপুরে যাত্রাপুর থানার অন্তর্গত পশ্চিম ভবানীপুর গ্রামে। পাশের বাড়ির মিঠুন চক্রবর্তী নামে এক ব্যক্তিকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যায় পুলিশ। এলাকাবাসীদের দাবি গতকাল রাতে পাশের বাড়িতেই অন্য যুবকদের সাথে গভীর রাত পর্যন্ত ছিল মাহফুজ মিযা। তারপর তার নিজ বাড়িতে আসেনি। বাড়িতে না আসায,সকালবেলায় পরিবারের অন্যান্য লোকজন এবং তার মা চারিদিনে খুঁজেখুঁজি শুরু করেন। কিন্তু কোথায় গেল তার কোন সন্ধান পাওয়া যায়নি। সে পেশাব, একজন কৃষিজীবী ছিলেন। বুধবার তার জমিতে ধানের চারা লাগানোর কথা ছিল। বাড়িতে আবার ধানের চারা লাগানোর জন্য শ্রমিক এসে হাজিরা। কিন্তু মালিকের নেই দেখা। এই অবস্থায় তার মা দেশতে পায় বাড়ির পাশেই একটি বগ্ন কালভার্টের নিচে কাপড় দিয়ে মোড়ানো কি জানি একটা পাড়ে আছে। তখন মা নালার ভিতরে নেমে কাপড়টি সরিয়ে দেখে মাহফুজ মিয়ার মৃতদেহ। সঙ্গে সঙ্গে থানায় খবর দেওয়া হয়। খবর পেয়ে যাত্রাপুর থানার ভারপ্রাপ্ত পুলিশ অফিসার সূব্রত দেবনাথ, ইন্সপেক্টর অরূপ দেববর্মা, সাব ইন্সপেক্টর তপন দাস সহ বিশাল পুলিশ ও টিএসআর ঘটনাস্থলে পৌঁছে । কিছুক্ষণ পরে পৌঁছে ফরেনসিক টিম।যাত্রাপুর থানার ভারপ্রাপ্ত পুলিশ অফিসার সূব্রতবাবু জানান মৃতদেহে কোন আঘাতের চিহ্ন নেই। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেছে। মাহফুজকে পরিকল্পিতভাবে খুন করা হয়েছে বলে পরিবারের দাবি।

শ্মিমলা–মানালি নয় এবার একেবারে কলকাতার কাছেই গ্ল্যাম্পিংং ডোম

উত্তরবঙ্গে অফবিট জায়গার অভাব নেই। তারপরেই দার্জিলিংয়ের মায়া কাটিয়ে উঠতে পারে না বাঙালি। একবার দার্জিলিং না গেলে যেন মন কেমন করে। ম্যাল, কালীমন্দির, চক বাজার, গ্লেনারিজ সব যেন হাতছানি দেয়। অনেকেই আবার দার্জিলিংয়ের ভিড়ের কারণে বিমুখ হয়েছেন। তাঁদের জন্য সুখবর। দার্জিলিংকে একেবারে নতুন ভাবে দেখার সুযোগ পাওয়া যাবে এবার। কারণ মানালি– দেবাদুনের মতো এবার দার্জিলিংয়েও তৈরি হয়ে গিয়েছে গ্ল্যাম্পিংং ডোম। অনেকেই জানেন আবার অনেকেই জানেন না এটা কি জিনিস। এটা আসনে একটি হাইটেক তাঁবু। ঘরের কাছেই হাতছানি দিচ্ছে পাহাড়– জঙ্গল, বেড়িয়ে আসুন উত্তরবঙ্গের এই অফবিট লোকেশনে এটা দেখতে হেঙ্গামনের মতো। পাহাড়ের বাকিে ঝুলন্ত অবস্থায় থাকে। কিন্তু ভেতরটা হয় একেবারে হাইটেক। হাইপ্রোক্‌হিল রুম, সঙ্গে হিটরা। অ্যাটচ বাথরুম সবই থাকে তাতে। বিদেশে অনেক আগেই এই ধরনের ক্যাম্পিং অনেক পর্যটন কেন্দ্রে তৈরি হয়েছে। ভারতে মানালি এবং দেবাদুনে কয়েকটি জায়গায় তৈরি হয়েছে। তবে পশ্চিমবঙ্গে এই প্রথমা এই তাঁবু ওয়ারটার প্রথম। কাজেই বৃষ্টি যতই হোক ভেতরে জল ঢুকবে না। এর

ভেতরে একেবারে পাঁচতারা হোটেলের সুবিধা রয়েছে। তাঁবুর পর্দা সরালেই কাঞ্চনজঙ্ঘা। বিছানায় বসে চায়ের কাপে চুমুক দিতে দিতে দেখা যায় পাহাড়। মেঘ কুয়াশা। সঙ্গে বাথরুম রয়েছে। তাঁবু থেকে না বেরোলেও চলে। দার্জিলিং দেখার এ এক অন্য অভিজ্ঞতা। তাতে কোনও সন্দেহ নেই। ঘরের কাছেই মিনি সুইজারল্যান্ড, দার্জিলিং না গিয়ে বেড়িয়ে আসুন এই স্বর্গীয় পাহাড়ি গ্রামে ডোম ক্যাম্পিং নামেই বেশি পরিচিত এগুলি।

থাইল্যান্ড–চিনে অসংখ্য মানুষ এই ধরেন ডোম ক্যাম্পিং করে থাকেন। ধীরে ধীরে ভারতের এই ডোম ক্যাম্পিং জনপ্রিয় হতে শুরু করেছে। আর এখন তো দার্জিলিংয়ে ওই ধরনের ক্যাম্পিং খোলা হয়েছে। ডোম ক্যাম্পে বসে কাঞ্চনজঙ্ঘা সিকিম দেখার মজাই আলাদা। তবে খরচ একটু বেশি পড়ে। যারা দার্জিলিংকে একটু নতুন ভাবে দেখতে চান তাঁদের জন্য অপেক্ষা করছে ডোম ক্যাম্পিং। এখানে জঙ্গল হাইকিংয়ের ব্যবস্থাও রয়েছে। সঙ্গে করুন চা– বাগানের সফর। তার সঙ্গে সঙ্গে বেলা বসে ক্যাম্প ফায়ারের মজা নিন। কাজেই এবার যদি পুজোয় দার্জিলিং আসার পরিকল্পনা করেন তাহলে চলে আসুন এই ডোম ক্যাম্পিংয়ে।

অসামান্য পারফরম্যান্সের সাথে বলমল করে পূর্ব রেল ওয়ার্কশপ্

কলকাতা, ৯ আগস্ট : ভারতে রেলের সু্যোদয়ের বছরগুলিতে, সমস্ত লোকোমোটিভ এবং বেশিরভাগ রোলিং স্টক, রেল, সরঞ্জাম এবং মেশিনগুলি ব্রিটেন এবং ইউরোপের উৎপাদন থেকে আমদানি করতে হয়েছিল। এটি একটি সময়সাপেক্ষ বিষয় ছিল যা রেলওয়ের সম্প্রসারণে বাধা সৃষ্টি করে এবং রক্ষণাবেক্ষণকে মারাত্মকভাবে বাধাগ্রস্ত করে। এই প্রয়োজনীয়তাগুলিকে সামনে রেখে, অগ্রগামী ভারতীয় রেল কোম্পানিগুলি তাদের নিজস্বভাবে বিশেষ রেলওয়ে ওয়ার্কশপ তৈরির পরিকল্পনা করতে শুরু করে। ইস্ট ইন্ডিয়ান রেলওয়ে লোকোমোটিভ মেরামত এবং উৎপাদন কার্যক্রমের জন্য ১৮৬২ সালে বিহারের জামালপুরে তার দ্রুত ওয়ার্কশপ স্থানপ করে। বর্তমানে জামালপুর ওয়ার্কশপ ১৪০ টন ব্রেক-ডাউন ক্রেন, উচ্চ ক্ষমতার জামালপুর জাক, ব্রাগেজ ওয়গান, ডিজেল লোকোমোটিভ, ওয়গান, ওভারহেড সরঞ্জাম রক্ষণাবেক্ষণের জন্য ৪-হুইলার টাওয়ার গাড়িগুলির মেরামত ও ওভারহোলিং তৈরি করে। ইস্টার্ন বেল্টল রেলওয়ে দ্রুত অনুসরণ করে, ১৮৬৩ সালে কাঁচরাপাড়ায় তার কর্মশালা স্থানপ করেন। বর্তমানে কর্মশালা মেরামত এবং সামগ্রিকভাবে বৈদ্যুতিক লোকোমোটিভ, বৈদ্যুতিক একাধিক ইউনিট মোটর কোচ, শহরতলির ট্রেন, কোচ, মইন লাইন ইলেকট্রিক মাল্টিপল ইউনিট ট্রেনের পর্যায়ক্রমিক ওভারহোলিং নিয়ে কাজ করে। , ডিজেল বৈদ্যুতিক একাধিক ইউনিট ট্রেন, অ-বাতমুকুল কোচ, দুর্ঘটনা ব্রাণ ট্রেন ভান এবং ৮-হুইল টাওয়ার গাড়ি। ইস্ট ইন্ডিয়ান রেলওয়ের দ্রুত সম্প্রসারণের সাথে সাথে, ১৯০০ সালে হাওড়ার কাছে লিলুয়া ওয়ার্কশপ চালু করা হয়েছিল। বর্তমানে, লিলুয়া ওয়ার্কশপের প্রধান কাজ হল এসি, নন-এসি, এলএইচবি কোচ এবং ওয়গান স্টক গুলির পর্যায়ক্রমিক ওভারহোলিং এবং মধ্যবর্তী ওভারহোলিং। তিনটি ওয়ার্কশপ এখন পূর্ব রেলওয়ে দ্বারা পরিচালিত হয় এবং সফলভাবে নিজেদেরকে আধুনিক রেলওয়ে প্রযুক্তির সমৃদ্ধ কেন্দ্রে রূপান্তরিত করেছে। এই তিনটি ওয়ার্কশপ পূর্ব


রেলওয়ে গুরুত্বপূর্ণ রেলওয়ে রক্ষণাবেক্ষণ সুবিধা। ব্রিটিশ উপনিবেশিক আমলে স্থাপিত, এই ওয়ার্কশপগুলি রেলওয়ে কোচ, ওয়গান এবং লোকোমোটিভ মেরামত এবং ওভারহোল করার ক্ষেত্রে বিশেষজ্ঞ। তিনটি কর্মশালা ধ্রুপদে ধারাবাহিকতা বজায় রাখার জন্য কঠোরভাবে সমৃদ্ধ হচ্ছে। লিলুয়া ওয়ার্কশপ ইতিমধ্যেই ৭০৬টি ডিউউ (যানবাহন ইউনিট) কোচের এবং ৭৮১ টি ওয়গানের পর্যায়ক্রমিক ওভারহোলিং সম্পন্ন করেছে ২০২৩ সালের এপ্রিল-জুলাইয়ের মধ্যে যথাক্রমে ৫০৪ টি কোচ এবং ৬৮৪টি ওয়গানের প্রত্যাশিত লক্ষ্য অতিক্রম করে। লিলুয়া ওয়ার্কশপ সংশ্লিষ্ট সময়ের জন্য ৮ টি কোচের প্রত্যাশিত লক্ষ্যের বিপরীতে ২০ সংখ্যক ক্যাম্পিং কোচের রূপান্তরও সম্পন্ন করেছে। জামালপুর ওয়ার্কশপ এপ্রিল-জুলাই ২০২৩-এর মধ্যে ২৪০০ টি ওয়গানের প্রাক্লিত লক্ষ্যের বিপরীতে ২৪৫৬ টি ওয়গানের পর্যায়ক্রমিক ওভারহোলিং সম্পন্ন করেছে। কাঁচরাপাড়া ওয়ার্কশপ ইতিমধ্যেই ৩২টি বৈদ্যুতিক লোকোগুলির পর্যায়ক্রমিক ওভারহালিং সম্পন্ন করেছে যা চলতি আর্থিক বছরে এপ্রিল-জুলাইয়ের নির্ধারিত সময়সীমার জন্য ২৫ টি বৈদ্যুতিক লোকোগুলির প্রক্ষিপ্ত লক্ষ্যমাত্রা ছিল। তার ধারাবাহিক রেকর্ড বজায় রেখে কাঁচরাপাড়া ওয়ার্কশপ এপ্রিল-জুলাই ২০২৩-এর নির্ধারিত সময়সীমার জন্য ৬০২ নম্বর মেমু কোচের প্রত্যাশিত লক্ষ্যের বিপরীতে ৬৩১ নম্বর মেমু কোচের পর্যায়ক্রমিক ওভারহালিং আউটটর্ন সম্পন্ন করেছে। রোলিং স্টকের নিরাপত্তা, দক্ষতা এবং দীর্ঘায়ু নিশ্চিত করার জন্য রেলওয়ে কোচের পর্যায়ক্রমিক ওভারহোলিং অত্যন্ত গুরুত্বপূর্ণ। পর্যায়ক্রমিক ওভারহলগুলি সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকিগুলি সনাক্ত করতে এবং সংশোধন করতে সাহায্য করে, যেমন জীর্ণ-আউট উপাদান, কাঠামোগত ত্রুটি বা ব্রেকিং সিস্টেমের সমস্যাগুলি, দুর্ঘটনার ঝুঁকি হ্রাস করে। নিয়মিত রক্ষণাবেক্ষণ অপ্রত্যাশিত ভাঙ্গন রোধ করে, নিশ্চিত করে যে কোচগুলি সচল এবং যাত্রীদের জন্য নির্ভরযোগ্য থাকে, এর ফলে পরিষেবার বিঘ্ন কম হয়। সময়মত ওভারহল কোচের আয়ু বাড়াতে পারে, ঘন ঘন প্রতিস্থাপনের প্রয়োজনীয়তা হ্রাস করে এবং যাত্রীদের আরামও উন্নত করতে পারে।

পিপিএল ইন্ডিয়া-র আইনি অবস্থান সমর্থন করল দিল্লি উচ্চ আদালত

মুম্বই, ৯ আগস্ট : দিল্লি উচ্চ আদালত দৃঢ় অবস্থান নিল পিপিএল ইন্ডিয়া-র পক্ষে, যারা সাউন্ড রেকর্ডিঙের জন্য অন-গ্রাউন্ড পাবলিক পারফরম্যান্সের আইনি মালিক। দিল্লি ডিস্ট্রিক্ট ইন্সটেক ম্যানেজমেন্ট সংস্থা ক্যানভাস কমিউনিকেশনের বিরুদ্ধে একটি মামলায় এই অবস্থান গ্রহণ করেছে দিল্লি উচ্চ আদালত। ক্যানভাস কমিউনিকেশন কেটা করেছিল পিপিএল ইন্ডিয়া থেকে বৈধ লাইসেন্স গ্রহণ এড়িয়ে যেতে, যার ভিত্তি ছিল সেনেফিল প্রডিউসার্স পারফরম্যান্স লিমিটেড (কপিরাইট সোসাইটি রেজিস্ট্রিকৃত একমাত্র সিনেমাটোগ্রাফ ফিল্মের জন্য) ও ডিজে লাইট অ্যান্ড সাউন্ড অ্যাসোসিয়েশন থেকে প্রস্তুতগো্য পরামর্শ, শেষোক্ত বেসরকারি সংস্থা চণ্ডীগড়ের। এর আগে পিপিএল-এর আইনি মর্যাদা প্রসঙ্গে বিরোধিতা করেছিল ক্যানভাস কমিউনিকেশন, যুক্তি দিয়েছিল যে এটি কোনো রেজিস্টার্ড একমাত্র লাইট সাউন্ড নন এবং তাই সাউন্ড রেকর্ডিঙের পাবলিক পারফরম্যান্সের জন্য এর লাইসেন্স পাওয়ার অধিকার নেই। যদিও, দিল্লি উচ্চ আদালত, তার ১৭ ডিসেম্বর, ২০২১ তারিখের নির্দেশ নির্দিষ্ট করে পুনর্নির্দেশ করেছে যে পিপিএল ইন্ডিয়া কর্তৃপক্ষ সাউন্ড রেকর্ডিঙের জন্য লাইসেন্স ইস্যু করবে, কপিরাইট আইনের ৩৬ ধারার অধীনে কোনো বিধিনিষেধ খাটবে না এবং লাইসেন্স ছাড়া পিপিএল ইন্ডিয়া-র সাউন্ড রেকর্ডিং ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে ক্যানভাস কমিউনিকেশনের জন্য। মাননীয় আদালত এইসঙ্গে স্পষ্ট করেছিল যে ‘সাউন্ড রেকর্ডিঙে একটি স্বাধীন কপিরাইট আছে, যা সিনেমাটোগ্রাফিক কপিরাইট কাজ বা অন্যান্য কাজ যাতে সাউন্ড রেকর্ডিং অন্তর্ভুক্ত হতে পারে তার থেকে স্বতন্ত্র’।

দুরন্ত ভ্রমণ

মেঘ-কুয়াশার লুটোপুটিতে ঘুম ভাঙে পাহাড়ের, পুজোর ছুটিতে ঢলে আসুন এই অঢেলা গ্রামে



কাপে চুমুক দিতে দিতে দেখা যায় পাহাড়। মেঘ কুয়াশা। সঙ্গে বাথরুম রয়েছে। তাঁবু থেকে না বেরোলেও চলে। দার্জিলিং দেখার এ এক অন্য অভিজ্ঞতা। তাতে কোনও সন্দেহ নেই। ঘরের কাছেই মিনি সুইজারল্যান্ড, দার্জিলিং না গিয়ে বেড়িয়ে আসুন এই স্বর্গীয় পাহাড়ি গ্রামে ডোম ক্যাম্পিং নামেই বেশি পরিচিত এগুলি।

চন্দ্রযানকে টেক্সরের চেষ্টা, এবার চাঁদে ল্যান্ডার পাঠাচ্ছে রাশিয়া

নয়াদিল্লি, ৯ আগস্ট : বিশ্বের নজর রয়েছে চন্দ্রযান– ৩ এর ওপর। অন্যান্দিকে লোকের আশা রেখে এখনও ঠিক মতোই এগিয়ে চলছে চন্দ্রযান। ইসরাে জালিয়েছে, সবকামা মেনে কক্ষপথ এবং গতি কন্মিয়ে ধীরে ধীরে চন্দ্রপৃষ্ঠ স্পর্শ করবে চন্দ্রযান-৩। এবার সেই চন্দ্রযানকে টেক্সর দিতে এবার চাঁদে প্রথমবারের মতো। ল্যান্ডার পাঠানোর সিদ্ধান্ত নিল রাশিয়া। রাশিয়ার চের্নোভিয়ানের প্রায় অর্ধ শতক সেরেনোর পর ১১ আগস্ট ফের চাঁদের উদ্দেশ্যে ল্যান্ডার লুনা পাঠাবে পুতিনের দেশ। চন্দ্রযান– ৩ এর যেদিন চন্দ্রপৃষ্ঠ ছোয়ার কথা সেই একই দিনে রাশিয়ার লুনাও চাঁদের পৃষ্ঠে অবতরণ করবে এমনটাই জানা গিয়েছে। চাঁদের দক্ষিণ মেরুতে হাটাচলা করার কথা রয়েছে রাশিয়ার পাঠানো এই নেভোযানের। মনে করা হচ্ছে চাঁদের দক্ষিণমেরুতে যে পরিমাণ বরফ জমে রয়েছে সেখানে আগামী দিনে মনুষ্য বসতি গড়ে তোলা যেতে পারে। তবে কি ভারতকে টেক্স দিচ্ছেই এই চাল পুতিনের দেশের? রাশিয়ান মহাকাশ সংস্থা রোসকসমস আশুপ্ত করেছে যে দুটি মিশনের মধ্যে কোনও হস্তক্ষেপ হবে না কারণ তাদের বিভিন্ন অবতরণ



সংগ্রহ করা। লুনা-২৫-এর উৎক্ষেপণ রাশিয়ার জন্য একটি মাইলস্টোন হতে চলেছে। ৫০ বছর চের্নোভিয়ানে বিরতির পর ফের পৃথিবীর উপগ্রহে পৌঁছাতে চলেছে রাশিয়া। তবে ২০২১ এ এই মিশনটি হওয়ার কথা ছিল। কিন্তু বৈজ্ঞানিক কার্যকলাপের জন্য প্রায় দু’বছর বিলম্ব হয়েছে। ইউরোপীয় মহাকাশ সংস্থা, যেটি লুনা-২৫-এ তার পাইলট– ডি নেভিগেশন কামেরা পরীক্ষা করার পরিকল্পনা করেছিল, গত বছরের ফেব্রুয়ারিতে ইউক্রেনে রাশিয়ার আক্রমণের পরে পক্ষস্কেত্রের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে। এর জেরেই এই বিলম্ব।

৬ বছর কেটে গেলে সম্মতিতে সহবাস, ধর্ষণ নয় : কর্ণাটক হাইকোর্ট

কর্ণাটক, ৯ আগস্ট : দুই পক্ষের সম্মতিতে দুজনের মধ্যে ঘনিষ্ঠতার বিষয়ে একটি ঐতিহাসিক রায় দিয়েছে। ছয় বছর দুজনের সম্মতিতে শারীরিক সম্পর্কের পরে বিবাহ না হলে তা ধর্ষণ নয় বলেই জানিয়েছে কোর্ট। আইনের অপব্যবহারের একটি ক্লাসিক স্টপ্টস হিসাবে উদ্ভূত করে কর্ণাটক হাইকোর্ট এক ব্যক্তি'র বিরুদ্ধে ওঁটা দুটি অভিযোগ খারিজ করেছে। বিয়ের প্রতিশ্রুতির ভঙ্গের অভিযোগে একজন মহিলা বেস্টালুরক এক যুবকের বিরুদ্ধে মামলা করেন। তাঁর দায়ের করা দুটি ফৌজদারি মামলা বাতিল করেছে কোর্ট। ছয় বছর সম্পর্কে থাকার পর বিয়ে না করার ফৌজদারি মামলা করেন তিনি। আদালত জানিয়েছে, ‘একটি সামাজিক মিডিয়া প্ল্যাটফর্মের মাধ্যমে দেখা হওয়ার পরে এক, দুই, তিন, চার বা পাঁচ নয়, ছয় বছর সম্মতিতেই আবেদনকারী এবং অভিযোগকারীর মধ্যে শারীরিকযৌন সম্পর্ক হয়। অভিযোগে সমস্ত বর্ণনা করা রয়েছে। পরে যে অভিযোগটি করা হয় সেখানে বলা হয় ২৭ ডিসেম্বর, ২০১৯ থেকে, উভয়ের মধ্যে ঘনিষ্ঠতা হ্রাস পায়... ছয় বছরের সম্মতিমূলক যৌন মিলনের পরে ঘনিষ্ঠতা এর দূর হয়ে যাওয়ার অর্থ এই নয় যে এটি ধর্ষণ হিসেবে গণ্য হবে’। ‘তাদের মধ্যে প্রথম দিন থেকে এই সম্মতিমূলক ছিল এবং

বাড়ছে মাতৃত্বকালীন ছুটি! লোকসভায় জানালেন প্রতিমন্ত্রী

নয়াদিল্লি, ৯ আগস্ট : বাড়ছে মাতৃত্বকালীন ছুটি? এক-দুদিন নয়। এবার থেকে একসপ্তকে ৭৩০ দিন মাতৃত্বকালীন ছুটি পেতে চলেছেন সাদা প্রসূতি মায়েরা। মানে একসপ্তকে ২ বছরের মাতৃত্বকালীন ছুটি! এদিন লোকসভায় জানালেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং। তবে হ্যাঁ, এই ২ বছরের মাতৃ ত্বকালীন ছুটি বেসরকারি কর্মীদের জন্য নয়। এবার থেকে ৭৩০ দিনের এই মাতৃত্বকালীন ছুটি পাবেন কেন্দ্রীয় সরকারি মহিলা কর্মীরা। একইসঙ্গে এই ৭৩০ দিনের মাতৃত্বকালীন ছুটি পাবেন কেন্দ্রীয় সরকারি লিঙ্গিত ব্যক্তিদের। এদিন লোকসভায় লিঙ্গিত ব্যক্তি দেয়ে কেন্দ্রীয় পার্সোনেল মন্ত্রকের



অনেকেই জানেন না। লাভা-লোলোগাঁও থেকেও মাংজিং আসা যায়। কাজেই এর অবস্থানটা খুব ভাল। পর্যটকদের পক্ষে সুগম একটা জায়গা। এখান থেকেও যথারীতি দর্শণ মেলে কাঞ্চনজঙ্ঘার। রাস্তা খুব ভালো। ছোট্ট কয়েকটি হোমস্টে রয়েছে। হেঁটে হেঁটেই গোটা গ্রাম ঘোরা যায়। এই পর্যটন কেন্দ্রটি এতোটাই আনকোড়া যে এখানে ভিউ পয়েন্ট গুলিতে খড়ের ছাউনি দিয়ে তৈরি। সারি সারি পাইন গাছের কাছের ঊঁকি দেয় রাস্তের বিস্তীর্ণ নদীপথ। অসাধারণ লাগে এই দৃশ্য

কি লোমিটা'র দূরে এর অ ব স্হা ন। প খ'ট ক রা সাধারণ লুংজং এবং ঝাণ্ডিও থাক তে যান। তার মাঝে যে মা'ংজিংয়ের মতো এতো সুন্দর একটা গ্রাম রয়েছে সেটা

অনেকেই জানেন না। লাভা-লোলোগাঁও থেকেও মাংজিং আসা যায়। কাজেই এর অবস্থানটা খুব ভাল। পর্যটকদের পক্ষে সুগম একটা জায়গা। এখান থেকেও যথারীতি দর্শণ মেলে কাঞ্চনজঙ্ঘার। রাস্তা খুব ভালো। ছোট্ট কয়েকটি হোমস্টে রয়েছে। হেঁটে হেঁটেই গোটা গ্রাম ঘোরা যায়। এই পর্যটন কেন্দ্রটি এতোটাই আনকোড়া যে এখানে ভিউ পয়েন্ট গুলিতে খড়ের ছাউনি দিয়ে তৈরি। সারি সারি পাইন গাছের কাছের ঊঁকি দেয় রাস্তের বিস্তীর্ণ নদীপথ। অসাধারণ লাগে এই দৃশ্য

বর্ষণের সতর্কতা গাড়োয়াল ও কুমায়ুন অঞ্চলে

দেবাদুর্ন, ৯ আগস্ট : উত্তরাখণ্ডে আবারও বৃষ্টির পূর্বাভাস জারি করল ভারতীয় আবহাওয়া দফতর। আগামী ২৪ ঘন্টার মধ্যে গাড়োয়াল এবং কুমায়ুন বিভাগে ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে। আবহাওয়া অফিসের মতে, পাউরি, চম্পাওয়াড, নৈনিতাল এবং উধম সিং নগর জেলার বিভিন্ন জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে। এই সময়ের মধ্যে রাজ্যের অন্যান্য অংশেও মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে। এদিকে, রাজা বৃষ্টি ও ভূমিধসের ঘটনায় গত ২৪ ঘন্টার ছয়জন মৃত্যু হারিয়েছেন। ভারী বর্ষণে সৃষ্ট ভূমিধসের কারণে পাহাড়ি এলাকার গ্রামের সঙ্গে সংযোগকারী ১৫০ টিরও বেশি গ্রামীণ সড়ক যানবাহন চলাচলের জন্য বন্ধ হয়ে গেছে। এসব সড়কে যান চলাচল স্বাভাবিক করার চেষ্টা চলছে।

ভিয়েতনাম সফরে জো বাইডেন

মেক্সিকো, ৯ আগস্ট : খুব শীঘ্রই ভিয়েতনাম সফর করবেন বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। ভিয়েতনাম যুক্তরাষ্ট্রের সঙ্গে সুসম্পর্ক বাড়াতেই প্রেসিডেন্টের ভিয়েতনাম সফরের সিদ্ধান্ত বলে জানা গিয়েছে। বাইডেন একটি রাজনৈতিক তহবিল সংস্থায় অনুষ্ঠানে সাংবাদিকদের এই কথা জানান। হোয়াইট হাউসের এক মুখপাত্র মঙ্গলবার বাইডেনের ভিয়েতনাম সফর সম্পর্কে জানান। তিনি আরও জানান, এই মুহূর্তে আর কোনও তথ্য দেওয়া সম্ভব নয়। এপ্রিলে, ভিয়েতনামের প্রত্নমন্ত্রী ফাম মিন চিন এবং সেক্রেটারি অফ স্টেট অ্যান্টনি ব্লিন্কেন এশিয়ার সঙ্গে সম্পর্ক সুগভীর করার ইচ্ছা প্রকাশ করেন। মার্কিন প্রেসিডেন্ট মার্চ মাসে ভিয়েতনামের কমিউনিস্ট পার্টির প্রধান গুয়েন ফু ট্রুং-এর সঙ্গেও ফোনে কথা বলেন। ওয়াশিংটন এবং মার্কিন প্রতিরক্ষা সংস্থা গুলি খোলাখুলিভাবে জানিয়েছে যে তারা ভিয়েতনামে সামরিক সরবরাহ বাড়াতে চান। যা এখন পর্যন্ত মূলতঃ কোস্ট গার্ড জাহাজ এবং প্রশিক্ষণ বিমানের মধ্যে সীমাবদ্ধ ছিল।

পরিস্থিতি শোচনীয়, ৩৩ জন নিহত

বেজিং, ৯ আগস্ট : চীনে বন্যায় পরিস্থিতি শোচনীয় হয়ে পড়েছে, রাজধানী বেইজিংয়েই ৩৩ জন নিহত হয়েছে বলে জানা গিয়েছে। চীনে কয়েকদিন ধরে টানা বৃষ্টির কারণে স্বাভাবিক জীবনযাত্রা বিপর্যস্ত হয়ে পড়েছে ৪ আগস্ট পর্যন্ত, শুষ্কতার রাজধানী বেইজিংয়ে বন্যা ও ভূমিধসের ফলে ৩৩ জনের মৃত্যু হয়েছে। বন্যায় ভেসে যাওয়া ১৮ জন ব্যক্তি এখনও নিখোঁজ রয়েছেন বলে স্থানীয় প্রশাসন সূত্রে জানা গিয়েছে। বেইজিংয়ের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় শহর য়ুওঝাও-তে বন্যার জল ক্রমতে শুরু করেছে। তবে স্থানীয় লোকজন বলছেন, বন্যার জল কম তে থাকায় অন্যান্য চ্যালেঞ্জও বাড়ছে। এই বন্যায় ১.২৯ মিলিয়ন মানুষ গভীরভাবে প্রভাবিত হয়েছেন বলে জানা গেছে। ৫৯,০০০ টি বাড়ি ধসে পড়েছে এবং ক্ষতিগ্রস্ত ১৪৭,০০০টি বাড়ি। অন্যদিকে, হেবেই প্রদেশে ফসলও ক্ষতিগ্রস্ত হয়েছে বলে খবর।

অগ্নিকাণ্ডের পর রবীন্দ্র সদন রিজার্ভেশন অফিস পুনরায় চালু

কলকাতা, ৯ আগস্ট : আজ (০৯.০৮.২০২৩) কলকাতার রবীন্দ্র সদন রিজার্ভেশন অফিসে সকাল ৭টা ২৫ মিনিটে হঠাৎ আগুন লাগে। কর্তব্যরত দুই কর্মী প্রথম তলার কুলিং ইউনিটে থোয়া শনাক্ত করেছেন। টিকিট কাউন্টার খোলার আগেই সময়ের মতো তখন সেখানে কোনো জনসাধারণ উপস্থিত ছিল না। সব কর্মীরাও নিরাপদ। তাৎক্ষণিকভাবে ফায়ার ব্রিগেডের কর্মীরা কোন কমে স্থানীয় থানায় খবর দেওয়া হয়। ঘটনার পরপরই ঘটনাস্থলে যান রেলের উর্ধ্বতন কর্মকর্তারা। এদিকে, অগ্নিনির্বাপক যন্ত্রও আগুন নিয়ন্ত্রণে নিয়েোজিত কর্মীরা ব্যবহার করেছেন। তিনটি দমকল ইঞ্জিন বুকিং অফিসে পৌঁছায় এবং ঘটনাটি সম্পূর্ণ নিয়ন্ত্রণে আসে। তবে মেট্রো পরিষেবা স্বাভাবিকভাবে চলছে এবং যাত্রী পরিষেবা কোনওভাবেই প্রভাবিত হয়নি। টিকিট বুকিংয়ের প্রথম শিফট মেরামত কাজের কারণে বাতিল করতে হয়েছিল। পুনরুদ্ধারের কাজ যন্ত্রের ভিত্তিতে করা হয়েছিল এবং রিজার্ভেশন কাউন্টারগুলি ১৫,২০ ঘণ্টা থেকে কার্যকর হয়ে উঠেছে।

ভারত ছাড়া আন্দোলনের বার্ষিকী উদ্‌যাপন, আটক গান্ধীজির প্রপৌত্র

নয়াদিল্লি, ৯ আগস্ট : ভারত ছাড়া আন্দোলনের বর্ষপূর্তিতে মহাত্মা গান্ধীর প্রপৌত্র তুষার গান্ধীকে আটক করেছে পুলিশ। বুধবার সকালে তিনি বাড়ি থেকে বের হওয়ার পর পুলিশ তাকে আটক করে সান্তাক্রুজ থানায় নিয়ে যায়, এমনটাই জানা গিয়েছে। তুষারের দাবি, পুলিশ তাকে আটকের কারণ জানাননি। পুলিশ আসারও পর্যন্ত সরকারিভাবে কিছু জানাননি। এই গোটা ঘটনাটি তিনি নিজেই টুাইট করে জানিয়েছেন। মহাত্মা প্রপৌত্রর দাবি, তিনি ভারত ছাড়াে আন্দোলনের বার্ষিকী



উদ্‌যাপন করতে গিয়েছিলেন। সেখানে সান্তাক্রুজ পুলিশ তাকে আটক করে তবে কেবল তুষার গান্ধী নয়, তাঁর সহযোগী এবং অনুগামীদেরও পুলিশ আটক করে। সমর্থকদের দাবি, মুম্বইয়ের আগস্ট ক্রান্ত মঘদানের সভায় যোগ দিতে যাচ্ছিলেন তাঁরা। তুষার গান্ধী জানিয়েছেন, ভারত ছাড়াে আন্দোলনের বার্ষিকীতে এই প্রথম এমন আচরণ করা হয়েছে। তবে ক্রান্তি ময়দানে মিছিল করবেন তারা। শহীদদের স্মরণ করার দিন এবং আগস্ট ক্রান্তি দিবা অবশ্যই পালন করবেন। যদিও এখন পর্যন্ত এই বিষয়ে পুলিশের পক্ষ থেকে কোনও বিবৃতি দেওয়া হয়নি এবংইবিষয়ে। প্রসঙ্গত, তুষার গান্ধীর পুরো নাম তুষার অরুণ গান্ধী। তাঁর বাবা অরুণ মণিলাল গান্ধী একজন সুপরিচিত সাংবাদিক ছিলেন। তিনি ছিলেন গান্ধীজির পুত্র মণিলাল গান্ধীর নাতি। তুষার গান্ধী পেশায় একজন লেখক। সম্প্রতি তিনি কংগ্রেসে নেতা হুদহু গান্ধীর ‘ভারত ছাড়াে যাত্রা’-তে যোগ দিয়েছিলেন। মহারাষ্ট্রে দীর্ঘপথ তিনি কংগ্রেস নেতার সঙ্গে হাঁটেন। তুষার গান্ধী বদোদরায় মহাত্মা গান্ধী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতাও।

বিজেপি সম্পূর্ণরূপে স্বাধীনতা আন্দোলনের বিরুদ্ধে : কে সি বেণুগোপাল

নয়াদিল্লি, ৯ আগস্ট : বিজেপির বিরুদ্ধে তীব্র আক্রমণ শালালেন কংগ্রেস নেতা কে সি বেণুগোপাল। বুধবার সফদা চত্বরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে কংগ্রেসের সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল বলেছেন, বিজেপি সম্পূর্ণরূপে স্বাধীনতা আন্দোলনের বিরুদ্ধে। ভারত ছাড়াে আন্দোলনের স্মরণে বুধবার সকালে টুইট করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি দুর্নীতি, তোষণকে ভারত ছাড়ার আহ্বান জানান। বিজেপি সাংসদরা সংসদে চত্বরে ধর্ষা দেন। এরইপ্রেক্ষিতে কংগ্রেসের সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল বলেছেন, বিজেপি এবং ভারত ছাড়োর মধ্যে সম্পর্ক কী? তাদের লোকেরা স্বাধীনতা সংগ্রামে অংশ নয়নি। বিজেপি সম্পূর্ণভাবে স্বাধীনতা আন্দোলনের বিরুদ্ধে। ভারত ছাড়াে দিবসে তারা যা কিছু বলছে তার মানে কী? এটি একটি ঐতিহাসিক দিন...আমরা প্রধানমন্ত্রী মোদীর উপস্থিতিতে সংসদে আলোচনার জন্য বলছি। প্রধানমন্ত্রী এমনকি সংসদে আসছেন না...তিনি বর্ণিপুরের কথা বলছেন না। ভারত ছাড়াে আন্দোলন আমাদের এই সরকারের কথা মনে করিয়ে দেয়।

হাইলাকান্দিতে রহস্যমৃত্যু বৃদ্ধ দক্ষদিতর

অসম, ৯ আগস্ট : হাইলাকান্দি জেলার রহস্যজনকভাবে মৃত্যু হয়েছে বৃদ্ধ দম্পত্যী। তাদের বাড়িতে নিজের কোঠায় আজ সকালে উদ্ধার হয়েছেন অবসরপ্রাপ্ত শিক্ষক ফরাস উদ্দিন বড়ভূইয়াঁ এবং তাঁর পত্নী মনোয়ারা বেগমের মৃতদেহ। ঘটনা হাইলাকান্দি জেলার লালা থানার অন্তর্গত লালাপুর গ্রামে সংঘটিত হয়েছে। প্রতিদিন এই দম্পতি খুব ভায়ে শয্যাভাগ্য করেন। কিন্তু আজ সকালে ফরাস উদ্দিন এবং তাঁর স্ত্রী শ্যামে ছেড়ে ঘর থেকে বের হচ্ছেন না দেখে পরিবারের সদস্যরা তাঁদের ঘরে ঢুকে হতবাক হয়ে যান। তাঁরা দেখেন, ঘরের ভিতরে বিদ্যমান ইনভার্টারের পাশে পড়ে রয়েছে উভয়ের নিধর দেহ। খবর দেওয়া হয় লালা থানায়। খবর পেয়ে থানা থেকে পুলিশের দল ছুটে যায় লালাপুর গ্রামের অভিশপ্ত বাড়িতে। প্রাথমিক এনকুইস্টি করে পুলিশ দুটি মৃতদেহে উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাইলাকান্দির এসকে রায় সিভিল হাসপাতালে পাঠিয়ে দিয়েছে। এদিকে বৃদ্ধ দম্পত্যিকে খুন করা হয়েছে বলে অভিযোগ করছেন পরিবারের সদস্যরা। ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য বিরাজ করছে লালাপুর গ্রামে।

Name Change I, HASIBUL MOLLIK (old name) S/O MOHAMMAD MUSA MALLICK Presently residing at VILLAGE= ANANTOPUR, P.O= ILAHIPUR, P.S= HARIPAL, DIST = HOOGHLY WEST BENGAL, PIN-712707, India, have changed my name to (shall henceforth be known as) HASIBUL MALLICK, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 09/08/2023. HASIBUL MOLLIK and HASIBUL MALLICK both are same and one identical person.	Name Change I, TOTANA DAS (old name) S/O Thakurdas Das Presently residing at Vill-Kurmhat, PO & PS-Bongaon, Dist-North 24 Parganas-743235 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) TOTAN DAS, vide an affidavit sworn before The Ld. Executive Magistrate at Bongaon, North 24 Parganas on 21/08/2019. TOTANADA and TOTAN DAS both are same and one identical person.
Name Change I, SHAMSHER ALAM (old name) S/O GULAM RASUL Presently residing at Sherpur, Nalanda, Bihar - 803101 India, have changed my name to (shall henceforth be known as) MD NASIM UDDIN, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 08/08/2023. SHAMSHER ALAM and MD NASIM UDDIN all are same and identical persons.	Name Change I, TAPAN KUMAR HALDAR (old name) S/O RATAN HALDAR Presently residing at 72, Nabin Chandra Road, Baruipur, South 24 Pgs, Pin-700144 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) TAPAN HALDAR, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 09/08/2023. TAPAN KUMAR HALDAR and TAPAN HALDAR both are same and one identical person.
Name Change I, BHAGOBAN SHAW ALIAS BHAGWAN SHAW S/O MEH LAL SHAW R/O 111/A JADAB CHANDRA GHOSH LANE, PS-BARANAGOR, BARRACKPORE-700036, WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS SRIBHAGWAN SHAW VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 09/08/2023. BHAGOBAN SHAW ALIAS BHAGWAN SHAW AND SRIBHAGWAN SHAW ALL ARE SAME AND INDIDENTICAL PERSON.	Name Change I, SULAKSHANA DEB Presently residing at Vill- East Santnagar, PO- Sapiupara, PS-Nischinda, Howrah- 711227 West Bengal, India, do hereby solemnly affirm & declaring my father's actual name KANU DEB instead of KANU DEV, vide an affidavit sworn before Ld. Judicial Magistrate 1st Class at Howrah on 09/08/2023. KANU DEB and KANU DEV both are same and one identical person.
Name Change I, MD FAROOQUE (old name) S/O MD SAYEED QURAISHI Presently residing at Q-278/B, Nisar Mirali Lane, PS- Matiaburj, Kolkata-700024 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MOHAMMAED FAROOQUE QURAISHI, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 09/08/2023. MD FAROOQUE AND MOHAMMAED FAROOQUE QURAISHI both are same and one identical person.	Name Change I, ADHIR CHANDRA NASKAR (old name) S/O MUKTARAM NASKAR Presently residing at Vill- Jalabera, Naskarpara, PO- Naskarpara, PS-Kultali, Dist-(S) 24 Pgs-743338 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ADHIR NASKAR, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 09/08/2023. ADHIR CHANDRA NASKAR and ADHIR NASKAR both are same and one identical person.

বদলে গেল ভারত-পাকিস্তান ম্যাচের দিন

রইল বিশ্বকাপের নতুন সূচি



মুম্বই, ৯ আগস্ট: এ বারের ওডিআই বিশ্বকাপের সূচি ঘোষণা হওয়ার পর থেকে একাধিক ম্যাচের দিনক্ষণ নিয়ে সমস্যা তৈরি হয়েছিল। তার মধ্যে ছিল আমেদাবাদে ১৫ অক্টোবর হতে চলা হাইড্রোস্টেজ

ভারত-পাকিস্তান ম্যাচটিও। আজ, ৯ আগস্ট আইসিসির পক্ষ থেকে বিশ্বকাপের নতুন সূচি প্রকাশ করা হল। তাতে ভারত-পাকিস্তান দ্বৈধত্ব সহ মোট ৯টি ম্যাচের সূচি বদলে গিয়েছে। বিশ্বকাপের নতুন সূচি অনুযায়ী, ১৫ অক্টোবরের জায়গায় একদিন এগিয়ে গেল ভারত-পাকিস্তান ম্যাচ। অর্থাৎ ১৪ অক্টোবর হবে ভারত-পাক মহারণ। যদিও এই ম্যাচের ভেনু বদল হয়নি। ভারত-পাক ম্যাচের তারিখ বদলে যাওয়ায় তার প্রভাব পড়েছে ইংল্যান্ড বনাম আফগানিস্তান ম্যাচেও। সেই ম্যাচটি হওয়ার কথা ছিল ১২ অক্টোবর, ১৪ অক্টোবর। এখন সেটি একদিন পিছিয়ে গিয়ে হবে ১৫ অক্টোবর। ভারত বনাম পাকিস্তান, ইংল্যান্ড বনাম আফগানিস্তান দ্বৈধত্বের দিনক্ষণ ছাড়াও যে ম্যাচগুলির সূচি বদলে গিয়েছে সে গুলি হল-হায়দরাবাদে হতে চলা পাকিস্তান বনাম শ্রীলঙ্কা ম্যাচ। যা পূর্বের সূচি অনুযায়ী হওয়ার কথা ছিল ১২ অক্টোবর। তা দিন দুয়েক এগিয়ে গিয়েছে। অর্থাৎ হায়দরাবাদে ওডিআই বিশ্বকাপের ম্যাচে বাবররা লঙ্কানদের বিরুদ্ধে খেলবেন ১০ অক্টোবর। ১৩ অক্টোবর লখনউতে মুম্বাইপি হওয়ার কথা ছিল অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকার। সেই ম্যাচটি এখন ১দিন এগিয়ে গেল। ১২ অক্টোবর প্রোটিয়াদের বিরুদ্ধে নামবেন অজিরা। একই রকম ভাবে ১৪ অক্টোবর চেন্নাইয়ে ছিল নিউজিল্যান্ড বনাম বাংলাদেশ ম্যাচ। তা একদিন এগিয়ে ১৩ অক্টোবর হবে। এই ম্যাচটি ডে-নাইট ফর্ম্যাটে হবে। লিগ পর্বের শেষের দিকে, ১২ নভেম্বর রবিবারের ডাবল-হেডারের মধ্যে তিনটি পরিবর্তন হয়েছে। পুনেতে অস্ট্রেলিয়া বনাম পাকিস্তান (সকাল ১০.৩০) ম্যাচটি হবে ১১ নভেম্বর। এবং কলকাতায় ইংল্যান্ড বনাম পাকিস্তান (দুপুর-২) ম্যাচটিও হবে ১১ নভেম্বর। ১২ নভেম্বর কালীপুজোর কারণে, যথেষ্ট নিরাপত্তা দেওয়া সম্ভব হবে না জানিয়ে আইসিসি ও বিসিসিআইয়ের কাছে ম্যাচের সূচি বদলের আবেদন করেছিল সিএবি। সেই আবেদনে সাদা দিয়েছে বোর্ড ও আইসিসি। এ ছাড়া নেদারল্যান্ডসের বিরুদ্ধে ভারতের লিগ পর্বের শেষ ম্যাচটি ১২ নভেম্বরের জায়গায় ১১ নভেম্বর হবে বেঙ্গালুরুতে।

ডার্বিতে নেই, লিগে ইস্টবেঙ্গলের জয়ে গোল সেই তারকার

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট: কিছুটা যেন আপশোস হতে পারে। ডুরান্তের প্রথম ম্যাচে বাংলাদেশে আর্মি ফুটবল টিমের বিরুদ্ধে ২-০ এগিয়ে থেকে ড্র করে ইস্টবেঙ্গল। শেষ ৮ মিনিটে দুটো গোল হজম করে ইস্টবেঙ্গল। ডুরের পাশাপাশি সেই ম্যাচে হতান করেছিল আরও একটা বিষয়। অফ দ্য বল ঢাকাল করে ডিসেন্ট রোড কার্ড দেখে মাঠ ছাড়েন নিশু কুমার। শনিবার তাকে ডার্বিতে পাওয়া যাবে না। ম্যাচের মধ্যে থাকতে এ দিন কলকাতা লিগে নেমোছিলেন নিশু। ইস্টবেঙ্গলের জয়ে গোলও করলেন। কলকাতা লিগের প্রিমিয়ার ডিভিশনে এ দিন রেলওয়ে এফসির বিরুদ্ধে ২-০ ব্যবধানে জিতল ইস্টবেঙ্গল। ম্যাচের প্রথম গোলাটি করেন সিকে অমন। ইস্টবেঙ্গলের এই তরুণ

ফুটবলার এর আগেও গোল করেছিলেন। ম্যাচের ২০ মিনিটে অমন এগিয়ে দেওয়ার পর দ্বিতীয় গোলের জন্য অপেক্ষা করতে হল ৬৪ মিনিট। দ্বিতীয় গোলাটি সিনিয়ার দলের তারকা নিশু কুমারে। ডার্বিতে তাকে পাওয়া গেলে ইস্টবেঙ্গল আরও শক্তিশালী হত। ডুরান্তের প্রথম ম্যাচের পর সিনিয়ার দলের কোচও জানিয়েছিলেন, সেই ম্যাচে নিশু পুরো সময় মাঠে থাকলে ফল অন্যরকম হতে পারত। লিগের অন্যান্য ম্যাচের দিকে নজর দেওয়া যাক। ক্যালকাটা কাস্টমস বনাম ইস্টার্ন রেলওয়ে ম্যাচটি অনবদ্য হল। রুদ্রপ্রসাদ সেই ম্যাচ ৩-৩ স্কোরলাইনে শেষ হয়। কাস্টমসের হয়ে গোল করেন সুময় সোম, সুরজিৎ হৈসাদা এবং রাজেন বর্মা। ইস্টার্ন রেলের তিন গোলাদাতা গৌরব সামন্ত, সাগর খোমাক, মিঠুন কর। ভবানীপুর বনাম জর্জ টেলিগ্রাফ ম্যাচটি ১-১ গোলে শেষ হয়। ভবানীপুর এর আসার ম্যাচে ইস্টবেঙ্গলকে আটকে দিয়েছিল। দিনের অন্য ম্যাচে, টালিগঞ্জ অগ্রগামী ২-১ গোলে হারাল পাটচক্রকে। উয়ারী অ্যাথলেটিক ক্লাবকে ৫-০ বিশাল ব্যবধানে হারাল এরিয়ান ক্লাব।

মেসির পর এবার এমবাপেকেও আনতে চায় এমএলএস

ফ্লোরিডা, ৯ আগস্ট: ২০১৮ সালে মেজর লিগ সকারে (এমএলএস) অন্তর্ভুক্ত হওয়ার পর থেকেই লিগনেল মেসিকে আনার স্বপ্ন দেখতে শুরু করে ইস্টার মায়ামি। শুরুতে তাদের এই স্বপ্নকে ‘আকাশকুসুম’ মনে হলেও তা কিন্তু ঠিকই সত্যি হয়েছে। যে মেসিকে ২০১৮ সালে ইস্টার মায়ামিতে দেখা ‘অসম্ভব’ মনে হচ্ছিল, তিনিই এখন ইস্টার মায়ামির হয়ে এমএলএসে খেলছেন। শুধু কি আর খেলছেন, রীতিমতো যুক্তরাষ্ট্রের ফুটবলে নতুন এক বিপ্লব নিয়ে এসেছেন। দেশটিতে ফুটবল পরিচিত ‘সকার’ হিসেবে এবং খেলাটি নিয়ে মানুষের আগ্রহও ছিল সামান্য। জনপ্রিয়তার তালিকাতেও এর অবস্থান ছিল ৪ নম্বরে। কিন্তু মেসির আগমন গোটা দৃশ্যপট বদলে দিয়েছে। মেসির হাত ধরে মাত্র দুই মাসের মধ্যে নতুন এক যুগে প্রবেশ করেছে যুক্তরাষ্ট্রের ফুটবল। বিজ্ঞাপন, পৃষ্ঠপোষকতা, মাঠের খেলা এবং সম্প্রচার-সব জায়গাতেই সূচনা হয়েছে নতুন এক দিগন্তের। তবে এটুকুতেই থামতে চায় না এমএলএস কর্তৃপক্ষ। মেসি আসার পর তাদের স্বপ্নের পরিধিও এখন অনেক বেড়ে গেছে। তাদের চোখ এখন বর্তমান ফুটবলের অন্যতম সেরা তারকা কিলিয়ান

এমবাপের ওপরও। এই মুহূর্তে এমবাপের এমএলএসে খেলা হয়তো অসম্ভব মনে হতে পারে। কিন্তু মেসি আসার পর কোনো কিছুই এখন আর অসম্ভব বা অবাস্তব নয়। তাই এমএলএস কমিশনার ডন গারবারের স্বপ্নকেও ‘উচ্চবিলাসী’ বলার সুযোগ নেই।



কারণ, এরই মধ্যে একটি অসম্ভবকে সম্ভব করেছেন তাঁরা। সম্প্রতি এক সাফল্যকারে এমএলএস সামনে আরও ‘উচ্চাভাঙ্কী ও উদ্ভাবনী’ হয়ে এমবাপের জন্য এমবাপের প্রস্তাব নিয়ে আসবে বলে মন্তব্য করেছেন গারবার। এমবাপেকে এমএলএসে আনার ব্যাপারে আশাবাদী এমএলএস কমিশনার বলেছেন, “‘ডেভিড বেকহাম একজনই ছিলেন। লিগনেল মেসিও একজনই। কিন্তু কে জানে,

এমবাপেও হয়তো এখানে আসতে চাইবে এবং আমাদের এমএলএসের দল এমবাপের জন্য অভিবাদি কিছু করবে। এমএলএস সব সময় আশাবাদী এবং নতুন কিছু করতে চায়।” এমএলএস এমবাপেকে আনতে চাইলেও সেটা যে খুব দ্রুত হচ্ছে না, তা অবশ্য বলি যায়। এই

প্রস্তাব সরাসরি ফিরিয়ে দিয়েছেন বিশ্বকাপজয়ী এই ফরাসি স্ট্রাইকার। তবে শেষ পর্যন্ত পিএসজিতে থাকা না হলে এবারের দলবদলেই পিএসজি ছেড়ে রিয়াল মাদ্রিদে যেতে পারেন এমবাপে। এরই মধ্যে ফরাসি সংবাদমাধ্যম লেকিপ জানিয়েছে, এমবাপে যদি প্রকাশ্যে পিএসজি ছাড়ার কথা বলেন তবেই তাকে কেনার জন্য প্রস্তাব নিয়ে এগিয়ে আসবে রিয়াল। তবে এমবাপের ভাগ্য তাকে যেখানেই নিয়ে যাক, সেটা যে আপাতত ইউরোপে হবে তা নিশ্চিত। এখনো যে ইউরোপিয়ান ফুটবলের সবচেয়ে মর্যাদাবান ট্রফি চ্যাম্পিয়নস লিগ জেতা হয়নি তাঁর। তাই এমবাপেকে পাওয়ার জন্য আরও কিছু সময় অপেক্ষা করতে হবে এমএলএসকে। তবে এই মুহূর্তে এমবাপেকে পাওয়া না গেলেও হাত গুটিয়ে বসে নেই এমএলএস। একাধিক ইউরোপীয় সংবাদমাধ্যম জানিয়েছে, এমবাপের জন্য আকর্ষণীয় প্রস্তাব তৈরির কাজ করছে লিগটি। মেসিকে আনার জন্যও এমএলএসকে প্রস্তুতি নিয়ে অপেক্ষা করতে হয়েছে চার বছর ধরে। ধারণা করা হচ্ছে, এমবাপের জন্য হয়তো আরও বেশি সময় অপেক্ষা করতে হতে পারে এমএলএসকে।

দুরন্ত বার্তা, কলকাতা, ৯ আগস্ট: গত জুলাই মাসেই কলকাতা সফরে এসছিলেন বিশ্বকাপ জয়ী আর্জেন্টিনা দলের তারকা গোলকিপার এমিলিয়ানো মার্তিনেজ। তিলোত্তমার ফুটবল প্রেমীদের ভালোবাসায় আত্মতৃপ্ত হয়েছিলেন মেসির প্রিয় দি। এবার সেই হেরে সৌভাগ্যে না কাটতেই মেসির আরও এক সতীর্থ আসতে চরনেন কলকাতায়। সবকিছু ঠিকঠাক থাকলে পুজো মরশুমেরি গিটি অফ জয়-তে পা রাখতে চলেছে মেসির সবথেকে প্রিয় সতীর্থ, আর্জেন্টিনার বিশ্বকাপ জয়ী দলের গুরুত্বপূর্ণ সদস্য অ্যাঞ্জেলে ডি মারিয়া। শতদ্রু দন্তের উদ্যোগেই কলকাতায় এসেছিলেন এমিলিয়ানো মার্তিনেজ। এবার ডি মারিয়াকে শহরে আনার উদ্যোক্তাও তিনি। বিশ্বকাপে ফাইনালে গোল স্কোরারকে শহরে আনার ব্যবতীয় কাজ একবারে শেষের দিকে রয়েছে। কবে আছেন ডি মারিয়া তার সঠিক তারিখ ঘোষণা এখনও ঘোষণা করা হয়নি। শোনা যাচ্ছে ২১ অক্টোবরের থেকে ২৬ অক্টোবরের মধ্যে কলকাতায় আসতে পারেন অ্যাঞ্জেলে ডি মারিয়া। ফলে উৎসবের মরশুমের কলকাতায় ডি মারিয়ার আসা ফুটবল প্রেমীদের কাছে পুজোর বোনাস বলা যেতেই পারে।

‘ও আমাকে পেটাতে চায়’ প্রতিপক্ষ ক্রিকেটারের উপর অভিযোগ হার্দিকের!

গায়ানা, ৯ আগস্ট: তৃতীয় টি ২০ ম্যাচে প্রথমে ব্যাট করে বড় স্কোর গড়তে চেয়েছিল ওয়েস্ট ইন্ডিজ। তবে ১১তম ওভার পর্যন্ত ক্রিকে ছিলেন না ক্যারিবিয়ান টিমের স্টার ক্রিকেটার নিকোলাস পুরান। ওয়েস্ট ইন্ডিজের স্কোরবোর্ডে তখনও মাত্র ৭৫ রান। খাওয়া বড়সড় রান তুলতে হলে ভারতীয় বোলারদের বিরুদ্ধে আক্রমণাত্মক ব্যাটিং ছাড়া উপায় নেই। যদিও বিশ্বব্ী ফর্মে থাকা পুরান দিন মাত্র ২০ রান করে ফিরে যান। ম্যাচ জেতার পর পুরানকে নিয়ে পরিকল্পনার কথা শুনিযেছেন ভারতীয় দলের ক্যাপ্টেন হার্দিক পাণ্ডিয়া। তিনি বলেছেন, নিকোলাস পুরানের জন্যই তিনি নিজের বোলিং কোটা শেষ করেননি। পুরান মাঠে নামার পর দ্বিতীয় স্পেল শুরু করেন হার্দিক। ম্যাচ শেষে পুরান সম্পর্কে হার্দিক বলেন, “নিকি ব্যাটিং করতে আসেনি বলে আমরা জোরে বোলারদের কোটা বাড়িয়ে রাখতে পেরেছিলাম। অক্ষর প্যাটেল ৪ ওভার বল করার সুযোগ

পেয়েছে। যদি নিকি কাউকে পেটাতে চায় তাহলে আমাকেই পেটাক, এই পরিকল্পনা নিয়েছিলাম। এভাবেই প্রতিদ্বন্দ্বিতা উপভোগ করি। আমি জানি এই কথাগুলো ও শুনবে এবং চতুর্থ টি ২০ ম্যাচে আমাকে খুব পেটাবো।” যদিও

পুরান। টি ২০তে বিধ্বংসী ফর্মে রয়েছেন। মেজর লিগ ক্রিকেটের ফাইনালে শতরান হাঁকিয়ে ভারতের বিরুদ্ধে টি ২০ সিরিজে ফেরেন। বর্তমানে ওয়েস্ট ইন্ডিজের দ্বিতীয় সর্বাধিক রান সংগ্রহকারী নিকোলাস পুরান। কায়রন পোলার্ড, মার্লন

স্যামুয়েলসদের পিছনে ফেলে দিয়েছেন পুরান। ওয়েস্ট ইন্ডিজের হয়ে টি ২০ ক্রিকেটে ১৫৬৯ রান করেছেন পুরান। তাঁর আগে রয়েছেন ক্রিস গেইল। ওয়েস্ট ইন্ডিজের হয়ে ইউনিভার্স বসের টি ২০তে রান সংখ্যা ১৮৯৯।

ভারত নয়, অন্য টিমকে বিশ্বকাপ জয়ের দাবিদার ধরছেন অশ্বিন!

নয়াদিল্লি, ৯ আগস্ট: ঘরের মাঠে বিশ্বকাপ খেলার সুবিধের জন্য আড্ডাভাতেজ থাকবে ভারতীয় দল। আগামী অক্টোবর-নভেম্বর মাসে বিশ্বকাপের জন্য

ফেভারিট বলছে। আসলে বিশ্বের সব ক্রিকেটাররাই এটাকে স্ট্র্যাটেজি হিসেবে নিয়েছে। তারা প্রতিটি আইসিসি ইভেন্টের আগে ভারতকে ফেভারিট বলতে

তাকে। নিজেদের উপর থেকে চাপ কমানোর জন্যই ওরা এটা করে। এতে আমাদের উপর অতিরিক্ত চাপ পড়ে যায়। ভারতীয় দল ফেভারিট টিমগুলির মধ্যে অন্যতম হতে পারে তবে অস্ট্রেলিয়া হচ্ছে পাওয়ার হাউস।” ওডিআই বিশ্বকাপের ইতিহাসে সবচেয়ে সফল টিম অস্ট্রেলিয়া। ১৯৮৭ সালে অ্যালেন বর্ডারের নেতৃত্বে প্রথম বিশ্বকাপ জিতেছিল ক্যান্ডারদের দেশ। ১২ বছর পর স্টিভ ওয়া ১৯৯৯ সালে বিশ্বকাপ ফিরিয়ে নিয়ে যান অস্ট্রেলিয়ায়। এরপর ২০০৩, ২০০৭ সালে অস্ট্রেলিয়া বিশ্বকাপ জেতে একটিও ম্যাচ না হেরে। ২০১৫ সালে মাইকেল ক্লার্কের নেতৃত্বে পঞ্চম বিশ্বকাপ জেতে অস্ট্রেলিয়া। অশ্বিন বলেছেন, “বিশ্ব ক্রিকেটের ল্যান্ডস্কেপ বদলে গিয়েছে। একটা সময়

এনসিএতে অগ্নিপরীক্ষা রাহুলের! এশিয়া কাপে খেলতে পারবেন?

বেঙ্গালুরু, ৯ আগস্ট: লোকেশ রাহুল, শ্রেয়স আইয়ারের মতো টিম ইন্ডিয়ার সৈনিকরা জাতীয় দলে কবে ফিরবেন? এই প্রশ্নের উত্তরের অপেক্ষায় আপামর ভারতীয় ক্রিকেট প্রেমী। শুধু ভারতের ক্রিকেট ভক্তরা এই উত্তরের অপেক্ষায় রয়েছেন, এমনটা বললে ভুল বলা হবে। ভারতীয় টিম ম্যানুজমেন্টও তাঁদের খুব শীঘ্রই জাতীয় দলে দেখতে চায়। কিন্তু চোট সারিয়ে, রিহাব পর্ব কাটিয়ে টিম ইন্ডিয়ায় কামব্যাকটা সহজ হচ্ছে না লোকেশ রাহুলের জন্য। টেলিগ্রাফের এক রিপোর্ট অনুযায়ী, বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে অগ্নিপরীক্ষার সামনে লোকেশ রাহুল! খাই মাসেলের চোটের অস্ত্রোপচারের পর থেকে লোকেশ রাহুলের ঠিকানা বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমি। সেখানেই তিনি রিহাব পর্ব কাটাচ্ছেন। দিন কয়েক আগেই লোকেশ রাহুলের ব্যাটিং অনুশীলন করার ভিডিয়ো আগেই ভাইরাল হয়েছিল। তিনি নিজেও তাঁর সুস্থতার আপডেট মাঝে মাঝেই সোশাল মিডিয়ায় শেয়ার করে থাকেন। চলতি আগস্টের শুরুতেই তিনি নিজের কিপিং অনুশীলনের ভিডিয়ো ইন্সটাগ্রামে শেয়ার করেছিলেন। তিনি পুরোদমে নেটে ব্যাটিং, কিপিং করলেও এখনও তাঁকে ফিট বলে ঘোষণা করেনি এনসিএ। এ বার জানা গিয়েছে, এনসিএতে অনুশীলন ম্যাচে তাঁকে অংশ নিতে হবে। সেখানে ফিটনেস প্রমাণ করতে পারলে এশিয়া কাপে তাঁর জাতীয় দলে কামব্যাক হতে পারে। এ বারের এশিয়া কাপে ভারতের

মায়ামির মেসির ডিজিটাল প্রভাব রোনাল্ডোর চেয়ে ১০ গুণ বেশি

দুরন্ত বার্তা প্রতিবেদন

ক্যারিয়ারে যা যা জেতা সম্ভব-প্রায় সবকিছু জিতেই ইস্টার মায়ামিতে যোগ দিয়েছেন ৩৬ বছর বয়সি লিগনেল মেসি। এই বয়সে যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারে (এমএলএস) মেসির যোগ দেওয়া নিয়ে এত হুইচই আশা করেছিলেন কেউ? যে খেলোয়াড় ইউরোপে বছরের পর বছর রাজত্ব করে তুলনামূলক কম প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ লিগে যোগ দিয়েছেন-তাঁকে নিয়ে এত আলোচনার কারণ বোধ হয় নামটা মেসি বলেই। ইস্টার মায়ামির হয়ে প্রথম ৪ ম্যাচে ৭ গোল করে মেসি সেই আলোচনাকে রীতিমতো ঝড়ে রূপান্তর করেছেন। শুধু যুক্তরাষ্ট্রে কেন বৈশ্বিকভাবেও এর প্রভাব পড়েছে এবং সেটা বোঝা যাচ্ছে সামাজিক যোগাযোগমাধ্যমে। আর্জেন্টিনার ডিজিটাল কমিউনিকেশন কনসালট্যান্সি ফার্ম ‘হাউসকম’ হিসাবটা করেছে। তাদের দাবি অনুযায়ী, মেসি মায়ামিতে যোগ দেওয়ার পর ডিজিটাল প্ল্যাটফর্মে এর যে প্রভাব পড়েছে, তা সৌদি আরবের ক্লাব আল নাসরের তারকা ক্রিস্টিয়ানো রোনাল্ডোর চেয়ে ১০ গুণ বেশি। গত জুনে মায়ামিতে যোগ



দেওয়ার ঘোষণা দিয়েছিলেন মেসি। ক্লাবটির হয়ে মাঠে নামা শুরু করেন জুলাইয়ে। আর জুলাইয়ে বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যম এবং অন্যান্য ডিজিটাল প্ল্যাটফর্ম মিলিয়ে মেসিকে ৯২ লাখ বার ‘মেনশন’ (উল্লেখ) করা হয়েছে। অন্য ফুটবলারদের চেয়ে সংখ্যাটা অনেক বেশি। কিলিয়ান এমবাপেকে যেমন ‘মেনশন’ করা হয়েছে ৪৮ লাখবার। আর ক্রিস্টিয়ানো রোনাল্ডো? ১৮ লাখবার। এই দুজনই মেসির নিকটতম প্রতিদ্বন্দ্বি। জানার ইচ্ছা হতে পারে, ডিজিটাল প্ল্যাটফর্মে মেসিকে জুলাই মাসের কোনো দিন সবচেয়ে বেশি ‘মেনশন’ করা হয়েছে? আশ্চর্য করুন তো? ঠিকই ধরেছেন। ২১ জুলাই-মৈদিন লিগস কাপে ক্রুজ আজুলের বিপক্ষে মায়ামির হয়ে অভিষেক ঘটল আর্জেন্টাইন তারকার। সেদিন ২৫ লাখবার বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে ‘মেনশন’ করা হয়েছে মেসিকে। এর মধ্যে বেশির ভাগই ২৫ থেকে ৩৪ বছর বয়সি পুরুষ। আর টুইটারে মেসিকে মেনশন করা হয়েছে সবচেয়ে বেশি। সেদিন শুধু যুক্তরাষ্ট্রেই ২৬ লাখ বার মেনশন করা হয়েছে বিশ্বকাপজয়ী কিংবদন্তিকে। আর্জেন্টিনায় সংখ্যাটা ১২ লাখ বার। এর আগে অনলাইন বোর্ডিং প্রতিষ্ঠান জেকব্রেট পরিচালিত এক গবেষণায় দেখা গিয়েছিল, জুলাই মাসে ইস্টার মায়ামিকে খোঁজা হয়েছে ৮০ লাখ ২০ হাজার বার। মেসির আসার আগে গড়ে মায়ামিকে যে পরিমাণে খোঁজা হতো, তার চেয়ে কত শতাংশ বেশি, জানেন? ১০ হাজার ৪২৬ শতাংশ! অথচ পুরো জুলাই মাসেও মেসিকে পায়নি মায়ামি। মায়ামির হয়ে মেসির অভিষেক হয়েছে ২১ জুলাই। আর মেসির কল্যাণেই ২০১৮ সালে প্রতিষ্ঠিত হওয়া একটি ক্লাব থাকছে টুইটার ট্রেন্ডে। মায়ামির হয়ে শুক্রবার মাঠে নামবেন মেসি। লিগস কাপের কোয়ার্টার ফাইনালে সেদিন শার্লট এফসির মুখোমুখি হবে মায়ামি। শার্লটের ইতালিয়ান কেচ ক্রিস্টিয়ান লান্তানজিও কথা বলেছেন মেসিকে নিয়ে, ‘‘মেসি এমএলএসের জন্য দারুণ প্রেরণা। কিন্তু আমরা শুধু তার বিপক্ষে খেলব না। আমরা এমন একটি দলের বিপক্ষে খেলব, যারা মেসিকে পেয়ে আরও ভালো হয়েছে।’’ অর্থাৎ, এখানেও সেই মেসি-ইফেক্ট!

প্রকাশিত

সুচিকিৎসা

২৫ বর্ষ • দবম সংখ্যা • ১ আগস্ট ২০২৩

দ্বন্দ্বোন্মত্ততা ও তার চিকিৎসা

- প্রস্টেটের সমস্যা
- সঠিক চিকিৎসায় প্রস্টেট ক্যান্সার নিরাময় সম্ভব
- ইউরোলজিস্টের পরামর্শ
- হার্ট অ্যাটাক কি প্রতিরোধ করা সম্ভব
- সঠিক সময়ে ক্যান্সারের চিকিৎসা
- রক্তের ক্যানসার
- বংশগত রক্তের অসুখ, থ্যালাসেমিয়া
- অ্যানিমিয়া ও নারীসমাজ
- প্রোটিন ও ইউরিক অ্যাসিড

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে লগ অন করুন
www.suchikitsa.in